# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**

e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 07, 1433 Bangla, April 20, 2026, Monday, No. 107, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tareq Rahman will inaugurate a number of programs in Bogra today. [BBC: 11]

Nationwide measles-rubella vaccination campaign kicked off today to curb ongoing outbreak, targeting approximately 18 million children aged between 6 to 59 months. [BBC: 3]

4 more children have died from measles & measles-like symptoms in last 24 hours in country. [R. Today: 23]

Power, Energy and Mineral Resources Minister Iqbal Hasan Mahmud has said government is obligated to increase prices of fuel oil as the price increased in global market. [BBC: 3]

Government has increased price of 12kg LPG Cylinder from tk 1728 to 1940. [BBC: 3]

Economists say, fuel oil price increase and rise of transport costs will impact country's economy severely. [BBC: 5]

Thousands of sacked bank officials have staged a sit-in program in capital's Motijheel area demanding return of the control of five banks, including Islami Bank, to S Alam. [Jago FM: 12]

Iran's President Masoud Pezeshkian has said, the United States has no justification to deprive Tehran of its nuclear rights. [BBC: 8]

US President Donald Trump has warned that his country will destroy bridges & power plants in Iran if no peace deal is reached with Tehran. [BBC: 8]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

## দৈনিক মনিটরিং রিপোর্ট
### মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
### বৈশাখ ০৭, বাংলা ১৪৩৩, এপ্রিল ২০, ২০২৬, সোমবার, নং- ১০৭, ৫৬তম বছর

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান আজ বগুড়া সফরকালে বেশ কয়েকটি কর্মসূচির উদ্বোধন করবেন। [জাগো এফএম:১১ ]

ঢাকাসহ সারাদেশে হাম-রুবেলার টিকাদান কর্মসূচি শুরু হয়েছে আজ, কর্মসূচির আওতায় ৬ মাস থেকে উনষাট মাস বয়সি প্রায় ১ কোটি ৮০ লাখ শিশুকে টিকা দেওয়া হচ্ছে। [বিবিসি: ৩]

হাম ও হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় দেশে আরও চার শিশুর মৃত্যু। [রে. টুডে:২৩ ]

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বলেছেন, বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম বৃদ্ধির প্রেক্ষাপটে সরকার দেশে জ্বালানির দাম বাড়াতে বাধ্য হয়েছে। [বিবিসি:৩]

সরকার ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম ১৭২৮ টাকা থেকে বাড়িয়ে ১৯৪০ টাকা নির্ধারণ করেছে। [বিবিসি:৩]

অর্থনীতিবিদরা বলছেন, জ্বালানি তেলের মূল্য ও পরিবহন খরচ বৃদ্ধি দেশের অর্থনীতিতে মারাত্মক প্রভাব ফেলবে। [বিবিসি: ৫]

এস আলমের হাতে ইসলামী ব্যাংকসহ পাঁচ ব্যাংকের নিয়ন্ত্রণ ফিরিয়ে দেওয়ার দাবিতে রাজধানীর মতিঝিলে অবস্থান কর্মসূচি পালন করেছেন ব্যাংকগুলোর চাকরিচ্যুত কয়েক হাজার কর্মকর্তা। [জাগো এফএম:১২ ]

ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন, তেহরানের পারমাণবিক অধিকার খর্ব করার কোনো অধিকার মার্কিন যুক্তরাষ্ট্রের নেই। [বিবিসি: ৮]

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুমকি দিয়ে বলেছেন, শান্তি চুক্তি না হলে ইরানের বিদ্যুৎকেন্দ্র ও সেতুতে হামলা চালিয়ে তা গুঁড়িয়ে দেওয়া হবে। [বিবিসি:৮]

# বিবিসি

## সোমবার থেকে সারা দেশে হাম-রুবেলা টিকাদান শুরু

সোমবার থেকে ঢাকাসহ সারা দেশে হাম রুবেলার টিকাদান কর্মসূচি শুরু করছে সরকার। সোমবার প্রায় ১১ লাখ শিশুকে হামের টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার। দেশে হাম ও হাম সন্দেহে মৃত্যুর পরিমাণ হঠাৎ বেড়ে যাওয়ায় হাম-রুবেলার টিকাদান ক্যাম্পেইন চালু করে সরকার। হামের টিকার জরুরি এই ক্যাম্পেইন শুরু হয়েছিল গত ৫ এপ্রিল। এর আগে, ঝুঁকিপূর্ণ ১৮ জেলার ৩০ উপজেলা, ১৪ পৌরসভা ও চার সিটি করপোরেশনে টিকা দেওয়া হয়েছিল। এখন এর বাইরের এলাকাগুলোতেও টিকা দেওয়া হবে। সম্প্রসারিত টিকাদান কর্মসূচির বা ইপিআই-এর কর্মকর্তারা জানান, এ কর্মসূচির আওতায় ছয় মাস থেকে পাঁচ বছরের কম বয়সি প্রায় ১ কোটি ৮০ লাখ শিশুকে টিকা দেওয়া হচ্ছে। কর্মসূচির আওতায় ৬ মাস থেকে ৫৯ মাস বয়সি সব শিশু এমআর টিকা পাচ্ছে।
(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ এলিনা)

## হাইকোর্টে সপ্তাহে দুইদিন বিচারকাজ চলবে ভার্চুয়ালি

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এবং জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয় নিশ্চিত করার লক্ষ্যে সপ্তাহের দুইদিন, বুধ ও বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচার কার্যক্রম ভার্চুয়ালি পরিচালিত হবে। রোববার সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার মুহাম্মদ নূরুল আমীন বিপ্লব এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানান। বিজ্ঞপ্তিতে বলা হয়, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এবং জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয় নিশ্চিত করার লক্ষ্যে আদালত তথ্যপ্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ এবং এ কোর্টের জারিকৃত প্রাকটিস ডাইরেকশন অনুযায়ী, তথ্যপ্রযুক্তি ব্যবহার করে প্রতি সপ্তাহে দুইদিন হাইকোর্ট বিভাগে ভার্চুয়াল কোর্ট পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, হাইকোর্ট বিভাগের একক বেঞ্চে কর্মরত সকল বেঞ্চ অফিসারকে এবং দ্বৈত বেঞ্চ থেকে যে-কোনো একজন বেঞ্চ অফিসারকে তাদের ই-মেইল আইডি, পাসওয়ার্ড ও মোবাইল নম্বরসহ নিজে অথবা তার প্রতিনিধি হাইকোর্ট বিভাগের আইটি শাখায় উপস্থিত হয়ে আগামী ২০ এপ্রিলের মধ্যে জুম আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ এলিনা)

## সরকার বাধ্য হয়েই জ্বালানি তেলের দাম বাড়িয়েছে : বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী

বর্তমান সরকার বাধ্য হয়ে তেলের দাম বাড়িয়েছে বলে দাবি করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। রোববার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এসব কথা জানান। তিনি বলেন, "এটা করতে আমরা বাধ্য হয়েছি। কারণ, এটা বৈদেশিক মুদ্রা দিয়ে কিনতে হয় এবং আমরা যেন সহনীয় লেভেলে থাকতে পারি, সেই ব্যবস্থা করেছি।" সাংবাদিকদের প্রশ্নের জবাবে বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী বলেন, "সারা বিশ্ব তেলের দাম অ্যাডজাস্ট করেছে। এমনকি আমেরিকাও পাঁচ ডলার বাড়িয়ে দিয়েছে। সেখানে বাংলাদেশে ইমপোর্ট করে যে স্টক তৈরি করেছি, তার যে দাম পড়েছে, সেই দামের চেয়ে নিচেই আমরা এখন প্রাইস অ্যাডজাস্টমেন্ট করছি।" দাম বাড়ানোর প্রভাব কেমন হতে পারে- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "দাম বাড়া মানেই তো বিরূপ প্রভাব পড়া। এই যুদ্ধে শুধু বাংলাদেশ না, সারা পৃথিবীর ওপর প্রভাব পড়েছে। আমাদের উপরও সেই প্রভাব আছে।"
(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ এলিনা)

## জ্বালানি তেলের পর এবার দাম বাড়লো এলপিজির

বাংলাদেশে জ্বালানি তেলের দাম বৃদ্ধির পরদিনই তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বা এলপিজির দাম বাড়ানো হয়েছে। এক লাফে কেজি প্রতি এলপিজির দাম বেড়েছে ১৭ টাকা ৬২ পয়সা। বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশনের বা বিইআরসি ঘোষণা অনুযায়ী, নতুন এই দর আজ (রোববার) সন্ধ্যা ৬টা থেকে কার্যকর হবে। বিইআরসি বলছে, বাজারে বিভিন্ন আকারের এলপিজি সিলিন্ডার পাওয়া যায়। এখন থেকে প্রতি কেজি এলপিজির দাম ১৬১ টাকা ৬৬ পয়সা। এতে বাজারে বহুল ব্যবহৃত ১২ কেজি ওজনের একটি এলপিজি সিলিন্ডারের দাম ১ হাজার ৭২৮ টাকা থেকে বেড়ে এক হাজার ৯৪০ টাকায় দাঁড়াবে। অর্থাৎ, সিলিন্ডার প্রতি গ্রাহককে আগের চেয়ে ২১২ টাকা বেশি গুনতে হবে। এর আগে, মার্চ মাসে ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম ছিল ১ হাজার ৩৪১ টাকা। এপ্রিলের শুরুতে সেই দাম ৩৮৭ টাকা বাড়িয়ে ১ হাজার ৭২৮ টাকা করা হয়েছিল।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ এলিনা)

## এনসিপিতে যোগ দিয়েছেন আপ বাংলাদেশের শীর্ষ নেতৃত্বসহ প্রায় অর্ধশত নেতা-কর্মী

জাতীয় নাগরিক পার্টিতে বা এনসিপিতে যোগ দিয়েছেন 'আপ বাংলাদেশ'-এর আহ্বায়ক আলী আহসান জুনায়েদ, প্রধান সমন্বয়কারী রাফে সালমান রিফাতসহ বিভিন্ন প্ল্যাটফর্মের প্রায় অর্ধশত নেতা-কর্মী। রোববার বাংলামোটরে এনসিপির কেন্দ্রীয় কার্যালয়ে এই যোগদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম, মুখপাত্র আসিফ মাহমুদসহ আরো শীর্ষ নেতাদের অনেকে। এনসিপিতে যোগ দেওয়া রাফে সালমান রিফাত বিবিসি বাংলাকে জানিয়েছেন, তাদের দলের আহ্বায়ক ও শীর্ষ নেতৃত্বসহ অন্তত ৩৬ জন এনসিপিতে যোগ দিয়েছেন। 'আপ বাংলাদেশ'

থেকে যারা এনসিপিতে যোগ দিয়েছেন, তাদের সবাই ওই প্ল্যাটফর্ম থেকে পদত্যাগ করেই এই দলে যোগ দিয়েছেন বলেও জানান মি. রিফাত। এদিন আপ বাংলাদেশের শীর্ষ নেতৃবৃন্দ ছাড়াও এনসিপিতে যোগ দিয়েছেন বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের সভাপতি রিফাত রশীদ, এবি পার্টির নেতা ব্যারিস্টার সানি আব্দুল হকসহ প্রায় অর্ধশত নেতা-কর্মী। এসময় এনসিপি আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, যারা এনসিপিতে যুক্ত হয়েছেন, তারা ভিন্ন ভিন্ন প্ল্যাটফর্মে একই লক্ষ্যে কাজ করেছিল।(বিবিসি ওয়েব পেজঃ ১৯.০৪.২০২৬ এলিনা)

তেলের দাম বৃদ্ধিতে বাড়বে কৃষিসহ সব উৎপাদন খরচ, প্রভাব কতদূর যাবে

উপসাগরীয় অঞ্চলে ইরান যুদ্ধের জের ধরে তৈরি হওয়া পরিস্থিতি সামাল দিতে বাংলাদেশ সরকার জ্বালানি তেলের দাম বাড়ানোর পরপরই গণপরিবহণ ও বাজারসহ সব খাতেই মূল্য বৃদ্ধির প্রবণতা দেখা যাচ্ছে। জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির পর আজই বেড়েছে এলপিজির দাম। পাশাপাশি, বিদ্যুতের দাম বৃদ্ধিরও সম্ভাবনা তৈরি হয়েছে এবং সেটি হলে বর্তমান 'উচ্চ মূল্যস্ফীতি' আরও বেড়ে জনদুর্ভোগের কারণ হতে পারে বলে মনে করছেন অনেকে। বিশ্লেষকরা বলছেন, ইরান যুদ্ধ কবে শেষ হবে এবং তেল সরবরাহ পরিস্থিতি কবে স্বাভাবিক হবে, তার নিশ্চয়তা পাওয়া যাচ্ছে না। ফলে দাম বাড়ালেও তেলের সরবরাহ বাড়তে কিনা, তাও নিশ্চিত নয়। ফলে তেলের দাম বৃদ্ধি সরকারকে আপাতত অতিরিক্ত অর্থ ব্যয় থেকে সামান্য স্বস্তি দিলেও, শেষ পর্যন্ত সাধারণ মানুষ ও দেশের অর্থনীতিকে আরও কতটা চাপের মুখে পড়তে হবে, তা এখনও অজানা। গবেষণা সংস্থা সিপিডির গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলছেন, জীবনযাত্রাকে সহনীয় করতে বিকল্প উদ্যোগগুলো না নিলে মূল্যস্ফীতি ১৩ শতাংশে পৌঁছে যেতে পারে, যা গত মাসেই ছিল ৯ শতাংশের কাছাকাছি। "তেলের দাম বৃদ্ধি হয়ত সরকারের নিরুপায় সিদ্ধান্ত। তবে শুল্কসহ মূল্যবৃদ্ধির সাথে সম্পর্কিত বিষয়গুলো সমন্বয় করতে হবে, যাতে ভোক্তাকে ঘোষিত মূল্যের চেয়ে বাড়তি মূল্যে কিছু কিনতে না হয়," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। যদিও অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, তেলের দাম যেটুকু বাড়ানো হয়েছে, তাতে মূল্যস্ফীতি বাড়তেও পারে, আবার নাও বাড়তে পারে। তার দাবি, তেলের দাম নগণ্যই বাড়ানো হয়েছে। অন্যদিকে বিদ্যুৎমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বলেছেন, সরকার বাধ্য হয়ে তেলের দাম বাড়িয়েছে, কিন্তু এটা করা হয়েছে দাম সমন্বয়ের জন্য।

তেলের দাম ও বাজার

বিশ্লেষকরা বলছেন, ফেব্রুয়ারির শেষ নাগাদ ইরান যুদ্ধ শুরুর পর থেকেই বাংলাদেশের পেট্রোল পাম্পগুলোতে তেল সংকট তীব্র হতে শুরু করে এবং এখন ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থেকেও তেল পাওয়া যাচ্ছে না বলে অভিযোগ আসছে। ঢাকাসহ সারা দেশেই পেট্রোল পাম্পগুলোতে তীব্র ভিড় দেখা যাচ্ছে দেড় মাসেরও বেশি সময় ধরে। যদিও সরকার বরাবরই বলে আসছিল যে, তেলের কোনো সংকট নেই। এর মধ্যেই পরিবহণ ব্যয়বৃদ্ধির কারণে আমদানি ব্যয় বেড়েছে উল্লেখ করে, বাজারে অনেক জিনিসের দাম বেড়ে গেছে এবং গত কয়েক সপ্তাহ দেশে উৎপাদিত কৃষিপণ্যের দামও বাড়তির দিকে দেখা যাচ্ছিল। এমন পরিস্থিতিতে রোববার থেকেই জ্বালানি তেলের বিক্রয়মূল্য পুনর্নির্ধারণ করেছে সরকার। ফলে বেড়েছে সব ধরনের জ্বালানি তেলের দাম। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, অকটেনের দাম বেড়ে প্রতি লিটার ১৪০ টাকা এবং পেট্রোলের দাম ১৩৫ টাকা করা হয়েছে। এছাড়া, নতুন মূল্য অনুযায়ী পেট্রোল ১৩৫ টাকা, ডিজেল ১১৫ টাকা ও কেরোসিন ১৩০ টাকায় বিক্রি হবে। সরকারের বিজ্ঞপ্তিতে বলা হয়, আন্তর্জাতিক বাজারের সঙ্গে সামঞ্জস্য রাখতে এই মূল্য সমন্বয় করা হয়েছে। নতুন দাম রোববার থেকে কার্যকর হবে। মূল্যবৃদ্ধির আগে ভোক্তাপর্যায়ে প্রতি লিটার ডিজেলের মূল্য ১০০ টাকা, কেরোসিন ১১২ টাকা, অকটেন ১২০ টাকা ও পেট্রোলের মূল্য ১১৬ টাকা ছিল।

শনিবার রাতে জ্বালানি তেলের দাম বাড়ানোর পর আজ ভোক্তা পর্যায়ে বেসরকারি খাতের তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম বাড়ানো হয়েছে প্রতি কেজিতে ১৭ টাকা ৬২ পয়সা। এ নিয়ে এক মাসেই দ্বিতীয়বারের মতো এলপিজির দাম বাড়লো। এর আগে, এপ্রিলের শুরুতে বেড়েছিল ৩২ টাকা ৩০ পয়সা। গবেষণা সংস্থা সিপিডির পক্ষ থেকে ডিজেলের দাম না বাড়ানোর সুপারিশ করে পেট্রোল ও অকটেনের দাম বাড়িয়ে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করা যায় কি-না, দেখার জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়েছিল। সংস্থাটির গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলছেন, এখন বিদ্যুতের দামও যদি বাড়ানো হয়, তাহলে চলমান উচ্চ মূল্যস্ফীতি আরও বাড়বে। প্রসঙ্গত, মূল্যস্ফীতি দিয়ে কোনো একটা নির্দিষ্ট সময় থেকে পরবর্তী আরেকটি সময়ে দাম কেমন বেড়েছে, সেটি বোঝা যায়। অর্থাৎ, আগের বছর বা মাস বা কোনো নির্দিষ্ট সময়কালের সঙ্গে বর্তমানের তুলনা করে খাদ্য, কাপড়, পোশাক, বাড়ি, সেবা ইত্যাদি বিভিন্ন উপাদানের মূল্যবৃদ্ধির যে পার্থক্য, সেটাই মূল্যস্ফীতি। খন্দকার গোলাম মোয়াজ্জেম বলছেন, সরকার এখন পরিস্থিতি সহনীয় রাখতে বিকল্প উদ্যোগ কার্যকর করতে না পারলে মূল্যস্ফীতি ১ বছরের মধ্যেই বা এই সময়কালে ১৩ শতাংশে পৌঁছে যেতে পারে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী, গত ফেব্রুয়ারি মাসে এই মূল্যস্ফীতি ছিল ৯ দশমিক ১৩ শতাংশ আর মার্চ মাসে ছিল ৮ দশমিক ৭১ শতাংশ।

বাজার, ক্রয়ক্ষমতা ও মুদ্রার অবমূল্যায়ন

বিশ্লেষকরা বলছেন, বিশ্ববাজারে তেলের দাম অনেক বেড়ে যাওয়ার কারণে শিল্পে ব্যবহৃত কাঁচামালের দাম এর মধ্যেই অনেকাংশে বেড়েছে। ফলে বাংলাদেশের বাজারেও এর প্রভাব পড়তে শুরু করেছে। এমনকি দেশে উৎপাদিত ভোগ্যপণ্যসহ বেশ কিছু পণ্যের দাম বেড়েছে। আবার কাঁচামালের পাশাপাশি বিদেশ থেকে পণ্য আনা এবং দেশে উৎপাদিত পণ্য বাজারজাত করার জন্য পরিবহণ খরচও বেড়েছে। ঢাকার কারওয়ানবাজার থেকে গত সপ্তাহে বাজার করেছেন আমিনুল ইসলাম। মি. ইসলাম বলছেন, তিনি সোনালি মুরগি কিনেছেন ৪২০ টাকা কেজি দরে, যা গত মাসেও ছিল ৩০০ টাকার মতো। এছাড়া কয়েক ধরনের চাল, ভোজ্যতেল ও বিভিন্ন ধরনের সবজির দামও অনেকে বেড়েছে। "কারওয়ান বাজার ছাড়া অন্য কোথাও তরকারি দাম জিজ্ঞেস করলেই তো ১০০ টাকা বা কাছাকাছি দাম চাইছে বিক্রেতারা,"বলছিলেন মি. ইসলাম। কৃষি খাতে ডিজেলের চাহিদা মোট ডিজেল আমদানির প্রায় ২০ শতাংশ। নভেম্বর-ডিসেম্বর থেকে মার্চ-এপ্রিল, এই সময়টাতেই ডিজেলের চাহিদা থাকে সর্বোচ্চ। বাংলাদেশে ধান উৎপাদনের সবচেয়ে বড়ো আবাদ হয় এই বোরো মৌসুমে। কৃষকরা বলছেন, তেলের দাম বৃদ্ধির কারণে বোরো চাষে উৎপাদন খরচ বেশ বেড়ে যাবে, যার প্রভাব পড়বে বাজারে। এখন তেলের মূল্যবৃদ্ধির পর স্থানীয় গণপরিবহণে ভাড়া বাড়ছে। এমনকি রাইড শেয়ারের বাইকের ভাড়াও বাড়তি নেওয়ার তথ্য পাওয়া যাচ্ছে। আবার পরিবহণ খরচ বৃদ্ধির কারণে বাজারে নিত্যপণ্যের দাম ছাড়াও কৃষি, শিল্প উৎপাদনসহ এই তেলের মূল্যবৃদ্ধি অর্থনীতিতে গভীর প্রভাব ফেলবে বলেও আশঙ্কা করছেন ভোক্তা এবং অর্থনীতিবিদেরা। "উৎপাদন ও পরিবহণ ব্যয় বাড়বে। সাম্প্রতিক মূল্যের বৃদ্ধির অজুহাত বাড়িয়ে সব কিছুর মূল্য বেড়ে যেতে পারে। যথাযথ পদক্ষেপ না নিলে যতটা বৃদ্ধি যৌক্তিক, তার চেয়ে বেশি বাড়বে। আবার দাম বৃদ্ধির কারণে জ্বালানি সরবরাহ বৃদ্ধির সুযোগ নেই। সরবরাহের জন্য আমদানি করতে হবে এবং সেজন্য বাড়তি ডলার লাগবে," বিবিসি বাংলাকে বলছিলেন খন্দকার গোলাম মোয়াজ্জেম। তিনি বলছেন, জ্বালানি তেলের দাম যেটুকু বাড়ানো হয়েছে, তাতে হয়ত সরকারের দেওয়া ভর্তুকির ওপর চাপ কিছুটা কমবে। তবে এটি দীর্ঘ সময়ের জন্য হলে জিডিপি কমবে ও মুদ্রার অবমূল্যায়নের আশঙ্কা আছে। "কিন্তু আশঙ্কা হচ্ছে, সরকার বাজারের ক্ষেত্রে গাছাড়া ভাব দেখাচ্ছে, যা মোটেও ভালো লক্ষণ নয়। ভোক্তাদের কিছুটা স্বস্তি দিতে কঠোরভাবে বাজার মনিটরিং করতে হবে। পরিবহণ, বাজার ও ভাড়ার ক্ষেত্রে সরকারের অবস্থান জোরালো হতে হবে," বলছিলেন তিনি।

অর্থমন্ত্রী ও বিদ্যুৎমন্ত্রী যা বলেছেন

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীকে সচিবালয়ে সাংবাদিকরা জিজ্ঞেস করেছিল যে, তেলের দামের প্রভাব মূল্যস্ফীতিতে কতটা পড়বে। জবাবে তিনি বলেছেন, "মূল্যস্ফীতি বাড়তেও পারে, আবার নাও বাড়তে পারে। তেলের দাম একা মুদ্রাস্ফীতি বাড়ায় না। ফুডসহ সবকিছু বিবেচনা করলে এটা খুবই সামান্য। সারা দুনিয়াতে তেলের দাম বেড়েছে। আমরা জনগণের কথা মাথায় রেখে এতদিন বাড়াইনি। কিন্তু আমাদের তহবিলের ওপর এত প্রেশার আসছে, সেজন্য এটুকু বাড়াতে হয়েছে।" অন্যদিকে বিদ্যুৎমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বলেছেন, আমদানি করা তেলের দাম যা পড়েছে, তার চেয়েও কম রেখে তারা দামের সমন্বয় করেছেন। "এটা করতে বাধ্য হয়েছি আমরা, কারণ এটা বৈদেশিক মুদ্রা দিয়ে কিনতে হয় এবং সেটা যাতে কিছু বেড়ে আমরা যেন সহনীয় লেভেলে (পর্যায়ে) থাকতে পারি, সেই ব্যবস্থা করেছি," সাংবাদিকদের বলেছেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৪.২০২৬ আলী আহমেদ)

কার্টুন শেয়ার করায় গ্রেফতারের পর কারাগারে, সংসদে হাসনাত ও চিফ হুইপের মধ্যে বিতর্ক

বাংলাদেশের সরকারি দলের চিফ হুইপকে নিয়ে ব্যঙ্গাত্মক কার্টুন পোস্ট করা বা শেয়ার করার অভিযোগে একজন ফেসবুক ব্যবহারকারীকে গ্রেফতার করার ঘটনায় নিয়ে বাংলাদেশের জাতীয় সংসদে বিতর্ক হয়েছে। হাসান নাসিমকে শুক্রবার গ্রেফতার করে ঢাকার গোয়েন্দা পুলিশ। শনিবার তাকে আদালতে হাজির করে পুলিশ রিমান্ড চাইলেও, আদালত কারাগারে পাঠানোর আদেশ দেয়। অভিযোগ রয়েছে, জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনির একটি কথাকে উদ্ধৃত করে এ এম হাসান নাসিম নামের ওই ব্যক্তি ফেসবুকের একটি পাতায় পোস্ট শেয়ার করেছিল। ওই পাতায় বেশ কিছুদিন ধরেই মি. মনি ও বিএনপি, ছাত্রদলের নানা কর্মকাণ্ডের সমালোচনা করা হয়েছিল। রোববার বিরোধী দলের নেতা হাসনাত আব্দুল্লাহ সংসদ অধিবেশনে এই প্রসঙ্গ তোলেন। শেখ হাসিনার আমলে কটূক্তির জন্য গ্রেফতার করা হতো উল্লেখ করে, সাইবার সুরক্ষা অধ্যাদেশের যে ধারায় এ এম হাসান নাসিমকে গ্রেফতার করা হয়েছে, সেটির গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছেন মি. আব্দুল্লাহ। তবে এর জবাবে সরকার দলীয় চিফ হুইপ নুরুল ইসলাম মনি দাবি করেন, নির্বাচনের আগে থেকেই ওই পাতা থেকে তার উপর সাইবার হামলা চালানো হচ্ছিল। সংসদে এর সপক্ষে তিনি কিছু নথিপত্রও তুলে ধরেন। বাংলাদেশের মানবাধিকার কর্মীরা বলছেন, অতীতে সাইবার নিরাপত্তার কথা বলে যে-সব আইনে সামাজিক মাধ্যমে করা পোস্টের জের ধরে মামলা বা গ্রেফতার করা হতো, তারা এখন আবার সেই ধরনের প্রবণতা দেখতে পাচ্ছেন, যা আশঙ্কাজনক বলে তারা বর্ণনা করছেন।

কার্টুন শেয়ারে সাইবার সুরক্ষা অধ্যাদেশের মামলা

"সাগর থেকে ৩টা তিমি মাছ নিয়ে এসেছি, ২টা হাঙর আসতেছে ইনশাল্লাহ, সবার দাওয়াত চিফ হুইপ" এই লেখাসংবলিত একটি কার্টুন গত ১০ এপ্রিল পাথরঘাটা ডট কম নামের একটি ফেসবুক পেইজে প্রকাশিত হয়। এতে যে

কার্টুনটি আঁকা, তাতে দেখা যায়, প্রধানমন্ত্রী তারেক রহমান, বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম, জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান সংসদে বসে আছেন। চিফ হুইপ নূরুল ইসলাম মনি ট্রেতে করে হাঙর, তিমি পরিবেশন করছেন তাদের। উল্লেখ্য, এর আগে চিফ হুইপ মি. মনি জাতীয় সংসদ অধিবেশন চলাকালীন সময়ে সংসদ সদস্যদের দুপুরের খাবার থাকার কথা জানান। তখন একজন খাবারের মেন্যু জানতে চাইলে তিনি স্যাটায়ার বা মজা করে মেন্যুতে তিমি ও হাঙর থাকার কথা বলেন। সেই বক্তব্য ঘিরেই কার্টুনটি তৈরি করা হয়েছিল। এছাড়া, ওই ফেসবুক পাতায় বিভিন্ন সময় বরগুনার পাথরঘাটা কেন্দ্রিক বিএনপি, ছাত্রদল, যুবদলের সমালোচনামূলক নানা পোস্ট দিতে দেখা গেছে। পাথরঘাটা কেন্দ্রিক নানা ধরনের অনিয়মের সমালোচনাও রয়েছে ওই পাতায়। বিএনপি দলীয় সংসদ সদস্য নূরুল ইসলাম মনি পাথরঘাটা, বামনা, বেতাগী নিয়ে বরগুনা-২ আসন থেকে নির্বাচিত সংসদ সদস্য। গ্রেফতার হওয়া ব্যক্তির বাড়িও পাথরঘাটায়। নজরুল ইসলাম নামের একজন ব্যক্তি 'চিফ হুইপের একনিষ্ঠ কর্মী' হিসেবে পরিচয় উল্লেখ করে ১৮ এপ্রিল গুলশান থানায় একটি করেছেন। তিনি মামলার এজাহারে দুইটি লিংকের কথা উল্লেখ করে লিখেছেন, চিফ হুইপ মহোদয়কে ব্ল্যাকমেইলিং করার উদ্দেশ্যে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের লিংক ব্যবহার করা হয়েছে। একইসঙ্গে, সেখানে একটি হোয়াটসঅ্যাপ নম্বরের কথা মামলায় উল্লেখ করে দাবি করা হয়েছে যে, 'অজ্ঞাতনামা আসামির হোয়াটসঅ্যাপ নম্বর থেকে চিফ হুইপের নম্বরে অন্যায়ভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে বিভিন্ন পোস্টের স্ক্রিনশট পাঠাতে থাকে'। কিন্তু মামলাটির এজাহারে কোনো বেআইনি সুবিধা দেওয়ার বা কোনো কাজ সম্পাদনে চিফ হুইপকে বাধ্য করা হয়েছে, সেটির কোনো বিবরণ নেই। একইসঙ্গে ব্ল্যাকমেইলিং করে টাকা বা কোনো সুবিধা চাওয়া হয়েছে, সেটিও উল্লেখ করা হয়নি। সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫-এর ২৫ ও ২৭ এই দুইটি ধারায় করা মামলায় হাসান নাসিমকে গ্রেফতার দেখানো হয়েছে। সাইবার সুরক্ষা আইনের ২৫ ধারা অনুযায়ী, 'ব্ল্যাকমেইলিং' অর্থ এমন হুমকি বা ভীতি, যার মাধ্যমে অন্য কোনো ব্যক্তিকে বেআইনি সুবিধা প্রদান বা চাহিত কাজ করতে বাধ্য করা হয়। ২৭ ধারার কথা উল্লেখ করেন আইনজীবীরা বলেন, এই ধারার অধীনে সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণে ডিজিটাল নিরাপত্তা ভঙ্গ করে রাষ্ট্রের অখণ্ডতা, নিরাপত্তা এবং সার্বভৌমত্ব হুমকিতে ফেলা।

গ্রেফতার নিয়ে সংসদে তর্ক-বিতর্ক

কার্টুন পোস্ট করায় গ্রেফতার করার ঘটনা নিয়ে জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্ন তুলেছেন এনসিপির সংসদ সদস্য হাসনাত আব্দুল্লাহ। হাসনাত আব্দুল্লাহ বলেন, “কিন্তু মাননীয় স্পিকার, দুঃখজনক বিষয় হচ্ছে, এই কার্টুনটি শেয়ার করার কারণে.... মাননীয় চিফ হুইপ মহোদয়ের এক কর্মী মামলা করেছে ২৫ ধারায়। এই ধারায় রয়েছে, যৌন নির্যাতন করা হইলে, তাইলে এই ধারায় মামলা হবে, কিন্তু মাননীয় হুইপ মহোদয়ের যে মিমটি শেয়ার করা হয়েছে, সেখানে কোথায় যৌন নির্যাতন করা হয়েছে?” তিনি উল্লেখ করেন, ওই ব্যক্তি একটি মিম শেয়ার করেছে। যে কথা চিফ হুইপ সংসদে বলেছিলেন। একইসঙ্গে, এই মামলার ২৭ ধারা জামিনযোগ্য হলেও, গ্রেফতারকৃত মি. নাসিমকে রিমান্ড না দিলেও, জামিন দেওয়া হয়নি বরং কারাগারে পাঠানো হয়েছে। “এই ধরনের মামলায় এই অভ্যুত্থান পরবর্তী সময়ে বিরোধী দলীয় মতকে দমন ও নিপীড়নের জন্য গ্রেফতার করা হচ্ছে এবং জামিনও দেওয়া হচ্ছে না। এখানে সাইবার নিরাপত্তা আইন, যেটা এই সংসদেই পাস করা হয়েছে, সেখানে কটূক্তির জন্য বা রাজনৈতিক স্যাটায়ারের জন্য আমাদের মামলা করার কোনো বিধান নাই,” বলেন মি. আব্দুল্লাহ। বিরোধী দলীয় নেতা হাসনাত আব্দুল্লাহ-এর বক্তব্যের পরে সরকারি চিফ হুইপ নূরুল ইসলাম মনি জানান, এ বিষয়টি সংসদে উঠতে পারে তা তিনি জানেন, তাই পূর্বের সকল কাগজপত্রসহ ফাইল নিয়ে এসেছেন। এ সময় হাতে থাকা একটি ফাইল তুলে ধরেন তিনি। মি. মনি সংসদ অধিবেশনে জানান, জাতীয় সংসদ নির্বাচনের আগে থেকেই সাইবার হামলার শিকার হচ্ছেন। নির্বাচনের আগে প্রধান নির্বাচন কমিশনার এবং রিটার্নিং কর্মকর্তাকে বিষয়টি অবহিত করেছেন। আইন-শৃঙ্খলা কমিটির মিটিংয়েও বিষয়টি বলেছিলেন বলে জানান তিনি। হাতে থাকা কাগজপত্র দেখিয়ে চিফ হুইপ বলেন, “এগুলা সবই রিসিভ করা কপি। এইসব দেওয়ার পরেও অ্যাকচুয়ালি কোনো সুরাহা করতে পারিনি, এটা আমরা আইন-শৃঙ্খলা কমিটির মিটিংয়েও আমরা বলেছি।” “যারা ফেইক আইডি দিয়ে এটা করে, তাদের বের করে শাস্তির আওতায় নিয়ে আসেন বা কোনো একটা ব্যবস্থা করেন। কিন্তু ফাইনালি নির্বাচনের আগে আমরা করতে পারি নাই,” বলেন মি. মনি।

মি. নাসিমকে গ্রেফতার করার কথা শনিবার সংবাদপত্রে দেখেছেন বলে সংসদ অধিবেশনে জানান নূরুল ইসলাম মনি। “মাননীয় স্পিকার, আমি দ্ব্যর্থহীনভাবে আপনাকে পরিষ্কার করে বলতে চাই, কার্টুন আমার ব্যাপারে আঁকার কারণে কাউকে যদি গ্রেফতার করা হয়, তাকে ছেড়ে দেওয়ার আহ্বান জানাচ্ছি আপনার মাধ্যমে এই সংসদে। কিন্তু ওই ভদ্রলোক এখন পর্যন্ত আমরা জানি না, এই সমস্ত সাইবার কার্যক্রমের সাথে জড়িত কি না? আমি জানি না,” বলেন চিফ হুইপ। একইসঙ্গে, বিরোধী দল হোক বা সরকারি দল- সকলের স্বার্থেই কুৎসা রটানো বা কুরুচিপূর্ণ বক্তব্য ছড়ানো যে-কোনো ব্যক্তিকে আইনের আওতায় আনার দাবি জানান চিফ হুইপ। মি. হাসান নামে এক ব্যক্তির কথা উল্লেখ করে তিনি জানান, ম্যানপাওয়ার এক্সপোর্ট, অর্থপাচারসহ নানা বিষয়ে জড়িত। “এসব ইনফরমেশনও কতখানি সঠিক কি না, তা আমি জানি না। আমার কথা হলো, এই ভদ্রলোক যদি সেই ভদ্রলোক হয়, যিনি সাইবার কার্যক্রমের সাথে জড়িত

হয়, তাহলে আমি মনে করি, এটা গভীরভাবে খতিয়ে দেখা উচিত সরকারের এবং এটা পর্যালোচনা করা উচিত, এটা সঠিক কি না?" বলেন মি. মনি। তিনি আরো বলেন, "আর যদি সঠিক হয়, আমি মনে করি, এটা আইনের আওতায় আনা উচিত। যদি সঠিক না হয়, তার ব্যাপারে ব্যক্তির ব্যাপারে আমার কোনো অভিযোগ নাই।"

'এমন গ্রেফতার মানুষের আকাঙ্ক্ষিত পরিবর্তনকে প্রশ্নের মুখে ফেলছে'

আওয়ামী লীগ সরকারের আমলে ২০০৬ সালের তথ্য প্রযুক্তি আইন রহিত করে ২০১৮ সালে ডিজিটাল সিকিউরিটি আইন প্রণয়ন করা হয়। এই আইনটি হওয়ার পর থেকেই সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়া আগ পর্যন্ত গত কয়েক বছরে সাংবাদিক, রাজনীতিক, সামাজিক মাধ্যম ব্যবহারকারীসহ অনেকের বিরুদ্ধে মামলা হয়েছে, গ্রেফতার করে কারাগারে পাঠানো হয়েছে। ফলে এসব আইনের বেশ কিছু ধারা নিয়ে শুরু থেকেই আপত্তি জানিয়ে আসছেন মানবাধিকার কর্মীরা। কারণ সেসময় এই আইনে গ্রেফতার, হয়রানির একাধিক অভিযোগ শোনা গেছে। বিশেষ করে শেখ পরিবার, মন্ত্রী, সংসদ সদস্যদের বিরুদ্ধে সমালোচনার কারণে মামলার একাধিক অভিযোগ উঠেছিল। কার্টুনিস্ট কিশোর আহমেদ এবং লেখক মুশতাক আহমেদকে গ্রেফতার নিয়ে সেসময় ব্যাপক সমালোচনা হয়। পরে কারাগারেই মারা যান মুশতাক আহমেদ। সমালোচনার মুখে পরে সেটি পরিবর্তন করে সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ প্রণীত হয়। এতে কিছু ধারা বাতিল, সাজার পরিমাণ কমানো, মিথ্যা মামলা দায়ের করলে, সেটি অপরাধ বিবেচনা করে শাস্তির বিধান করা হয় এতে। একইসাথে অ-জামিনযোগ্য ধারা ১৪টি থেকে কমিয়ে চারটি করা হয়। কিন্তু পুলিশের কাছে বিনা পরোয়ানায় তল্লাশি ও গ্রেফতারের ক্ষমতা রাখায় এই আইনেও মানবাধিকার লঙ্ঘনের সুযোগ থাকার কথা জানায় মানবাধিকার কর্মীরা। পরে সমালোচিত এই আইনটিও বাতিল করা হয়। অন্তর্বর্তী সরকারের আমলে সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ বাতিল করে সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫ প্রণয়ন করা হয়। সেই সময় বলা হয়েছিল, মতপ্রকাশের জের ধরে আর কাউকে গ্রেফতার বা হয়রানি করা হবে না। সরকার গঠনের আগে বিভিন্ন সময় প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছিলেন, তাকে নিয়ে আঁকা ব্যঙ্গাত্মক কার্টুন ও মিম তিনিও উপভোগ করেন। কিন্তু সরকার গঠনের প্রায় মাস দুয়েক পরেই হাস্যরসাত্মক কার্টুন আঁকা বা ফেসবুকে প্রকাশ বা শেয়ার করার ঘটনায় অন্তত দুইজনকে কারাগারে যেতে হয়েছে। সুপ্রিমকোর্টের আইনজীবী কাজী জাহেদ ইকবাল বলছেন, এমন পরিস্থিতি জনমনে আশঙ্কা তৈরি করছে। ব্যাসিকেলি যেই পরিবর্তনের আকাঙ্ক্ষা নিয়ে মানুষ পরিবর্তনটা (গণ-অভ্যুত্থান) করেছে, সেই পরিবর্তনটা প্রশ্নের মুখে পড়ছে। আইনটার যথাযথ ব্যবহার হচ্ছে না এবং জনমনে আশঙ্কা তৈরি করছে," বলেন মি.ইকবাল। "সাইবার অধ্যাদেশটিকে এমনভাবে ব্যবহার ও পরিবর্তন করা দরকার, যাতে এটি মতপ্রকাশের স্বাধীনতার ক্ষেত্রে বাধা হয়ে না দাঁড়ায়," বলেন সুপ্রিমকোর্টের এই আইনজীবী। (বিবিসি ওয়েব পেজ : ১৯.০৪.২০২৬ আলী আহমেদ)

## অনড় অবস্থানে যুক্তরাষ্ট্র ও ইরান, সমঝোতা নিয়ে অনিশ্চয়তা

ইরানের পার্লামেন্টের স্পিকার ও আলোচক টিমের প্রধান মোহাম্মদ বাঘের গালিবাফ জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ অব্যাহত থাকলে ইরান হরমুজ প্রণালি বন্ধ রাখার সিদ্ধান্ত থেকে সরে আসবে না। তিনি এটিও বলেছেন যে, দুই পক্ষের মধ্যে আলোচনা মাত্র দুয়েকটি বিষয়ে আটকে আছে। যদিও সেই বিষয়গুলো কী এবং কতটা গুরুত্বপূর্ণ, সে বিষয়ে বিস্তারিত তিনি কিছু বলেননি। অন্যদিকে, ডোনাল্ড ট্রাম্প এখনো যুদ্ধ বন্ধ নিয়ে এখনো বেশ আশাবাদী। তিনি জানিয়েছেন, দুই পক্ষের মধ্যে খুব ভালো আলোচনা হয়েছে। একটি সমঝোতা হবে বলেই তিনি মনে করছেন। তবে তার এই মন্তব্যের কয়েক ঘণ্টা আগেই হরমুজ প্রণালি থাকা একটি জাহাজ ইরানি গানবোটের গুলির মুখে পড়েছে বলে খবর পাওয়া গেছে।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি থেকে আরো দুইটি তেলবাহী ট্যাংকার ফেরত পাঠিয়েছে ইরান

হরমুজ প্রণালি অতিক্রমের চেষ্টাকালে আজ রোববার দুটি তেলবাহী ট্যাংকার ফিরিয়ে দিয়েছে ইরানের সামরিক বাহিনী আইআরজিসি। ইরানের আইআরজিসি ঘনিষ্ঠ তাসনিম নিউজ এজেন্সি জানিয়েছে, ইরানের নৌ অবরোধ অব্যাহত থাকায় হরমুজ প্রণালি দিয়ে যাওয়ার সময় দুইটি তেলবাহী ট্যাংকার ফেরত পাঠিয়েছে। তাসনিম নিউজের প্রতিবেদনে বলা হয়েছে, বতসোয়ানা ও অ্যাঙ্গোলার পতাকাবাহী এই দুটি ট্যাংকার হরমুজ প্রণালি দিয়ে যাওয়ার চেষ্টা করছিল। তবে আইআরজিসি সেগুলোর গতিপথ পরিবর্তন করে পিছু হটতে বাধ্য করায়। এর আগে, ইরান ঘোষণা দিয়েছে যে, তাদের বন্দরগুলো থেকে যুক্তরাষ্ট্র নৌ অবরোধ তুলে না নেওয়া পর্যন্ত হরমুজ প্রণালি বন্ধ রাখা হবে। মূলত, ওই ঘোষণার পরই হরমুজ প্রণালি পুরোপুরি বন্ধের ঘোষণা দেয় ইরান।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ এলিনা)

## ইরানের পারমাণবিক অধিকার কেড়ে নেওয়ার ট্রাম্প কে, প্রশ্ন ইরানি প্রেসিডেন্টের

ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান রোববার বলেছেন, ইরানের পারমাণবিক অধিকার খর্ব করার কোনো অধিকার মার্কিন যুক্তরাষ্ট্রের নেই। তেহরান ও ওয়াশিংটনের মধ্যে পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনার মধ্যেই এই মন্তব্য করেন ইরানের প্রেসিডেন্ট। প্রেসিডেন্ট পেজেশকিয়ানকে উদ্ধৃত করে ইরানি স্টুডেন্ট নিউজ এজেন্সি বা আইএসএনএ এই তথ্য জানায়। ইরানের প্রেসিডেন্ট বলেন, 'ট্রাম্প বলেছেন, ইরান তার পারমাণবিক অধিকার ব্যবহার করতে পারবে না। কিন্তু তিনি এটি বলছেন না যে, কোন অপরাধে এ বাধা দেওয়া হচ্ছে? একটি জাতির অধিকার কেড়ে নেওয়ার তিনি

কে?" পারমাণবিক ইস্যুতে এই দুই দেশের মধ্যে দীর্ঘদিনের বিরোধ ও সাম্প্রতিক উত্তেজনার প্রেক্ষাপটে ইরানি প্রেসিডেন্ট এ কড়া প্রতিক্রিয়া জানালেন।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ এলিনা)

## চুক্তি না হলে ইরানের সব বিদ্যুৎকেন্দ্র ও সেতু গুঁড়িয়ে দেওয়ার হুমকি ট্রাম্পের

এক বার্তায় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুমকি দিয়ে বলেছেন যে, শান্তি চুক্তি না হলে ইরানকে প্রতিটি বিদ্যুৎকেন্দ্র ও সেতুতে হামলা চালিয়ে তা গুঁড়িয়ে দেওয়া হবে। প্রেসিডেন্ট ট্রাম্প তার 'ট্রুথ সোশ্যালে' দেওয়া এক পোস্টে এই হুমকি দেন। তিনি লেখেন, "আমরা ইরানকে একটি ন্যায্য ও যুক্তিসংগত চুক্তির প্রস্তাব দিচ্ছি। আশা করি, তারা এটি গ্রহণ করবে। আর তারা যদি সেটি না মানে, তাহলে যুক্তরাষ্ট্র ইরানের প্রতিটি বিদ্যুৎকেন্দ্র ও সেতু ধ্বংস করে দেবে।" ট্রাম্প আরও বলেন, "ইরান গতকাল হরমুজ প্রণালিতে গুলি চালিয়েছে, যা যুদ্ধবিরতি চুক্তির চরম লঙ্ঘন"।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা ঘিরে ইসলামাবাদে কঠোর নিরাপত্তা, কার্যত লকডাউন পরিস্থিতি

ইরানের সঙ্গে দ্বিতীয় দফার আলোচনায় বসতে যাচ্ছে যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, এই আলোচনার জন্য সোমবার পাকিস্তানের ইসলামাবাদে পৌঁছাবেন যুক্তরাষ্ট্রের প্রতিনিধিরা। এর আগে, গত সপ্তাহে যুক্তরাষ্ট্র ও ইরানের প্রতিনিধি দলের মধ্যে আলোচনা হয়েছিল, সেই হোটেলের অতিথিদের সেখান থেকে চলে যেতে বলা হয়েছে। ইসলামাবাদের তিনটি বিশ্ববিদ্যালয় তাদের ক্লাস অনলাইনে শিফট করেছে। ইসলামাবাদ পুলিশ জানিয়েছে, বিদেশি প্রতিনিধিদলগুলোর আগমনের কারণে শহরের গুরুত্বপূর্ণ সড়কগুলো বন্ধ করে দেওয়া হতে পারে। একই সাথে ভারী যানবাহন চলাচল পুরোপুরি নিয়ন্ত্রণ করা হবে। ইতোমধ্যে শহরের প্রবেশমুখগুলোতে যানজটও তৈরি হয়েছে। সব মিলিয়ে দ্বিতীয় দফা আলোচনা ঘিরে ইসলামাবাদ শহর প্রস্তুত হচ্ছে।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ রনি)

## নিরাপত্তা শঙ্কায় পাকিস্তান যাচ্ছেন না ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স : ট্রাম্প

ইরানের সঙ্গে দ্বিতীয় দফার আলোচনায় বসতে যাচ্ছে যুক্তরাষ্ট্র। আগের দফার আলোচনার মতো এই দফায়ও যুক্তরাষ্ট্র প্রতিনিধি দলের নেতৃত্ব দেওয়ার কথা ছিল ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের। তবে শেষ পর্যন্ত নিরাপত্তাজনিত কারণে ভ্যান্স পাকিস্তান সফরে যাচ্ছেন না বলেও জানানো হয়েছে। মি. ভ্যান্স কেন এই সফরে যাবেন না, তা ব্যাখ্যা করতে গিয়ে প্রেসিডেন্ট ট্রাম্প এবিসি নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেছেন যে, শুধুমাত্র নিরাপত্তাজনিত কারণে পাকিস্তানে যাবেন না ডেডি ভ্যান্স। তবে এ নিয়ে আর বিস্তারিত কিছু বলেননি ট্রাম্প। মার্কিন প্রেসিডেন্ট সম্প্রতি তার সামাজিক যোগাযোগ মাধ্যমে লিখেছেন যে, তার প্রতিনিধিরা ইরানের সঙ্গে আলোচনার জন্য পাকিস্তানের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন। (বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্র নৌ অবরোধ প্রত্যাহার না করলে প্রতিনিধি দল পাঠাবে না ইরান

ইরানের আইআরজিসি ঘনিষ্ঠ তাসনিম নিউজ এজেন্সি জানিয়েছে, যতদিন নৌ অবরোধ বহাল থাকবে, ততদিন ইরান পাকিস্তানে কোনো আলোচক দল পাঠাবে না। তাসনিম নিউজের খবরে বলা হয়েছে, প্রথম দফা আলোচনা শেষ হওয়ার পর বর্তমানে দ্বিতীয় দফার বৈঠক নিয়ে আলোচনা চলছে। খবরে বলা হয়, ইরান স্পষ্টভাবে জানিয়ে দিয়েছে, ডোনাল্ড ট্রাম্পের ঘোষিত নৌ-অবরোধ যতক্ষণ কার্যকর থাকবে, ততক্ষণ কোনো আলোচনা হবে না। এতে আরো বলা হয়, অবরোধ বহাল রেখে আলোচনার টেবিলে বসার কোনো পরিকল্পনা বর্তমানে তেহরানের নেই। রোববার ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন যে, ইরানের সঙ্গে আলোচনার জন্য তার প্রতিনিধিরা সোমবার ইসলামাবাদে পৌঁছাবেন। যদিও এখনো পর্যন্ত এই বৈঠকে যোগ দেওয়া নিয়ে নিশ্চিত কোনো তথ্যই জানায়নি ইরান।(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ রনি)

## ইরানের সাথে আলোচনার জন্য পাকিস্তানে যাচ্ছেন জেডি ভ্যান্স

হোয়াইট হাউসের এক কর্মকর্তা বিবিসিকে জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স আলোচনায় অংশ নিতে ইসলামাবাদে যাবেন। তার সঙ্গে থাকছেন ডোনাল্ড ট্রাম্পের উপদেষ্টা স্টিভ উইটকফ ও জ্যারেড কুশনার। তবে এই আলোচনায় ইরান অংশ নেবে কি না বা অংশ নিলে তাদের প্রতিনিধিদলে কারা থাকবেন, এ বিষয়ে এখনো কোনো স্পষ্ট তথ্য পাওয়া যায়নি। নতুন তথ্য পাওয়া গেলে, তা জানানো হবে। এর আগে, এবিসি নিউজে দেওয়া সাক্ষাৎকারে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছিলেন, নিরাপত্তাজনিত কারণে পাকিস্তান যাচ্ছেন না মি. ভ্যান্স।
(বিবিসি ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ রনি)

# এনএইচকে

## যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা অনিশ্চিত হওয়ায় সমাপ্তির পথে যুদ্ধবিরতি

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার যুদ্ধবিরতির মেয়াদ শীঘ্রই শেষ হতে চলেছে এবং পরবর্তী দফা আলোচনার ভবিষ্যৎ এখনও অনিশ্চিত রয়েছে। অ্যাক্সিওস জানিয়েছে যে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শনিবার হোয়াইট হাউসে তার শীর্ষ সহযোগীদের সঙ্গে একটি 'সিচুয়েশন রুম' বৈঠক করেছেন। আলোচনার জন্য কোনো তারিখ নির্ধারণ করা হয়নি এবং একজন ঊর্ধ্বতন কর্মকর্তা সতর্ক করেছেন যে, শীঘ্রই কোনো অগ্রগতি না হলে কয়েক দিনের মধ্যেই সংঘাত পুনরায়

শুরু হতে পারে। রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, ইরানের সংসদীয় স্পিকার মোহাম্মদ বাঘের ঘালিবাফ বলেছেন যে, যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনায় অগ্রগতি হয়েছে, তবে এখনও অনেক পথ বাকি রয়েছে। ইরানি জাহাজ ও বন্দরের ওপর অবরোধ বজায় রেখে যুদ্ধবিরতি লঙ্ঘনের জন্য যুক্তরাষ্ট্রকে অভিযুক্ত করেছে ইসলামিক বিপ্লবী গার্ড বাহিনী। তারা বলেছে, শনিবার হরমুজ প্রণালি পুনরায় বন্ধ করে দেওয়া হয়েছে এবং অবরোধ শেষ না হওয়া পর্যন্ত তা বন্ধ থাকবে। এর আগে, শুক্রবার ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি লিখেছিলেন যে, লেবাননে যুদ্ধবিরতির কারণে প্রণালিটি বাণিজ্যিক জাহাজের জন্য "সম্পূর্ণ উন্মুক্ত" রয়েছে। ট্রাম্প সামাজিক যোগাযোগ মাধ্যমে "ধন্যবাদ" জানিয়ে এর জবাব দেন। মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে ওয়াল স্ট্রিট জার্নাল জানিয়েছে যে, মার্কিন সামরিক বাহিনী মধ্যপ্রাচ্য ও অন্যান্য আন্তর্জাতিক জলসীমায় ইরান-সংশ্লিষ্ট তেল ট্যাঙ্কারে আরোহণ এবং বাণিজ্যিক জাহাজ জব্দ করার প্রস্তুতি নিচ্ছে। দৃশ্যত, এই পদক্ষেপের উদ্দেশ্য হলো প্রণালিটি পুনরায় খুলে দেওয়া এবং পারমাণবিক কর্মসূচির বিষয়ে ছাড় দিতে ইরানের ওপর চাপ সৃষ্টি করা।(এনএইচকে ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ রনি)

## ডয়চে ভেলে

### তেলের দাম রেকর্ড বৃদ্ধির পেছনে যুদ্ধকে দায়ী করলেন জ্বালানি মন্ত্রী

বাংলাদেশে তেলের দাম রেকর্ড বৃদ্ধির পেছনে যুদ্ধকে দায়ী করেছেন জ্বালানি মন্ত্রী ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। ঢাকার রোববার তিনি বলেন, "যুদ্ধ মানেই বিরূপ প্রভাব পড়া। এ যুদ্ধে শুধু বাংলাদেশ নয়, সারা বিশ্বে প্রভাব পড়েছে। দাম বাড়ার পরও ভর্তুকি আছে। তবে ভর্তুকির হিসাব মন্ত্রণালয় পরে দিতে পারবে।" বিশ্ববাজারে দাম বাড়ার কারণে দেশেও সরকার দাম বাড়াতে বাধ্য হয়েছে উল্লেখ করে তিনি বলেন, "এটা করতে বাধ্য হয়েছি আমরা, কারণ এটা বৈদেশিক মুদ্রা দিয়ে কিনতে হয়। তাই দাম কিছুটা বাড়িয়ে যাতে সহনীয় জায়গায় থাকতে পারি, সেই ব্যবস্থা করা হয়েছে।" বিএনপি সরকার শনিবার রাতে জ্বালানি তেলের দাম রেকর্ড পরিমাণ বাড়িয়েছে। প্রতি লিটার ডিজেলে ১৫ টাকা, অকটেনে ২০ টাকা, পেট্রোলে ১৯ টাকা এবং কেরোসিনে ১৮ টাকা বাড়ানো হয়েছে। শনিবার মধ্যরাত থেকে কার্যকর হওয়া নতুন দাম অনুযায়ী, প্রতি লিটার ডিজেল ১০০ টাকা থেকে বেড়ে ১১৫ টাকা, অকটেন ১২০ টাকা থেকে ১৪০ টাকা, পেট্রোল ১১৬ টাকা থেকে ১৩৫ টাকা এবং কেরোসিন ১১২ টাকা থেকে ১৩০ টাকা হয়েছে। জ্বালানি তেলের দাম বাড়ানোর এই সিদ্ধান্তের সমালোচনা করেছেন সংসদে বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। তিনি বলেছেন, "এমন সময়ে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যখন মানুষ আগেই জীবনযাত্রার ব্যয়ের চাপে হাঁসফাঁস করছে।" জামায়াতে আমির বলেন, "মানুষের জীবনযাত্রার ব্যয় এমনিতেই বেড়ে গেছে। এর মধ্যে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি পরিস্থিতিকে আরও কঠিন করে তুলবে। জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির কারণে এটি হবে মরার ওপর খাঁড়ার ঘা।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ রুবাইয়া)

### বৃহত্তর ঐক্য গড়তে ৪৪ জন এনসিপিতে

'আমার বাংলাদেশ পার্টি' (এবি পার্টি), 'ইউনাইটেড পিপলস বাংলাদেশ' (আপ বাংলাদেশ) ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন- এই তিন দল, প্ল্যাটফর্ম ও সংগঠনের ৪৪ জন নেতা রোববার জুলাই গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া শিক্ষার্থীদের রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগ দিয়েছেন। তাদের ফুল দিয়ে বরণ করে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম জুলাই গণ-অভ্যুত্থানের পক্ষের তরুণদের 'ব্রডার অ্যালায়েন্সের' (বৃহত্তর ঐক্য) প্রয়োজনীয়তার কথা বলেছেন। এনসিপিতে যুক্ত হওয়ার ক্ষেত্রে কারও সাবেক পরিচয় মুখ্য নয় উল্লেখ করে নাহিদ ইসলাম বলেন, "ছাত্রদল হোক, ছাত্র-শিবির হোক, ছাত্র অধিকার পরিষদ, এমনকি ছাত্রলীগ হোক- তার সাবেক পরিচয় আমাদের কাছে মুখ্য নয়। তবে কোনো ফ্যাসিবাদে অংশগ্রহণকারী, গণহত্যায় অংশগ্রহণকারী, গণহত্যাকে সমর্থনকারী, চাঁদাবাজ, দুর্নীতির অভিযোগে অভিযুক্ত, সন্ত্রাসী- এ ধরনের কোনো ব্যক্তি কখনোই এনসিপিতে আসতে বা থাকতে পারবে না।" তরুণদের দল ও জুলাই গণ-অভ্যুত্থানকে ধারণকারী দল হিসেবে এখন এনসিপিকে শক্তিশালী করার চিন্তা থেকেই দল বড়ো করার উদ্যোগ নিয়েছে এনসিপি। ঢাকায় রোববার সংবাদ সম্মেলনে নাহিদ ইসলাম বলেন, "যেভাবে গণভোটের গণরায়কে অস্বীকার করা হয়েছে এবং যেভাবে চাঁদাবাজি, দুর্নীতি, সন্ত্রাসে সারা দেশ ছেয়ে যাচ্ছে, এখানে আমাদের একটি বিকল্প শক্তি গড়ে তুলতে হবে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ রুবাইয়া)

### প্রাথমিক বিদ্যালয়ের জন্য সংগীত প্রশিক্ষকের প্যানেল

সরাসরি নিয়োগ না দিয়ে প্রশিক্ষকের প্যানেল তৈরি করে সেখান থেকে প্রাথমিক বিদ্যালয়ে সংগীত শিক্ষক নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রণালয়। সরাসরি প্রাথমিক বিদ্যালয়ে সংগীত শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত থেকে সরে এসেছে সরকার। তবে সাংস্কৃতিক মন্ত্রণালয় সংগীত প্রশিক্ষকের একটি প্যানেল তৈরি করবে। এরপর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে সেখান থেকে নিয়োগ দেওয়া হবে। রোববার দুই মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীদের উপস্থিতিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে রোববার দুই মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে বৈঠক হয়। সেখানে ১৯টি বিষয় নিয়ে আলোচনা হয়েছে। বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ ও

সাংস্কৃতিক প্রতিমন্ত্রী আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম উপস্থিত ছিলেন। এছাড়া, দুই মন্ত্রণালয়ের সচিবসহ ঊর্ধ্বতন কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। বৈঠক শেষে ববি হাজ্জাজ ডিডাব্লিউকে বলেন, "অনেকগুলো বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে। এর মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে সাংস্কৃতিক শিক্ষক নিয়োগের বিষয়েও আলোচনা হয়েছে। সেখানে সিদ্ধান্ত হয়েছে, সাংস্কৃতিক মন্ত্রণালয় সংগীত প্রশিক্ষকের একটি প্যানেল তৈরি করবে। সেখানে থেকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করে স্কুলগুলোতে শিক্ষক নিয়োগ দেওয়া হবে। তাদের স্থায়ী, নাকি অস্থায়ী ভিত্তিতে নিয়োগ দেওয়া হবে, সেই সিদ্ধান্ত নেবে সাংস্কৃতিক মন্ত্রণালয়। তবে এই শিক্ষকদের সুযোগ-সুবিধা সবকিছু সাংস্কৃতিক মন্ত্রণালয় দেখবে।"

**সাংস্কৃতিক মন্ত্রণালয়ের প্রস্তাবে কী ছিল?**

দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সংগীত শিক্ষক নিয়োগ দিতে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানোর কথা জানান, সাংস্কৃতিক মন্ত্রী নিতাই রায় চৌধুরী। গত ৩১ মার্চ মন্ত্রী জানান, "প্রস্তাবে বলা হয়েছে, সংগীত শিক্ষক নির্বাচিত করবে সংস্কৃতি মন্ত্রণালয়। বেতন-ভাতা দেবে শিক্ষা মন্ত্রণালয়।" কিন্তু দুই মন্ত্রণালয়ে আলোচনায় সংগীত প্রশিক্ষকদের বেতন ভাতা সাংস্কৃতিক মন্ত্রণালয় দেবে বলে সিদ্ধান্ত হয়েছে বলে জানান প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। সাংস্কৃতিক মন্ত্রী নিতাই রায় চৌধুরী তখন জানিয়েছিলেন, প্রাথমিক থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত সাধারণ প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি, সংগীত শিক্ষা চালু করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। গুচ্ছভিত্তিক পদ্ধতিতে এই উদ্যোগ সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের অধীন বাস্তবায়ন করা হবে। এ পদ্ধতিতে সংগীত প্রশিক্ষকেরা একটি উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ঘুরে ঘুরে পাঠদান করবেন। সরকার প্রতিটি জেলা ও উপজেলার স্কুল পর্যায়ে সাংস্কৃতিক কর্মকাণ্ড সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছে উল্লেখ করে মন্ত্রী বলেন, প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি, আমাদের মন্ত্রণালয় প্রাথমিক থেকে মাধ্যমিক পর্যন্ত সব প্রতিষ্ঠানে উপজেলাভিত্তিক ক্লাস্টার পদ্ধতিতে সংগীত শিক্ষা নিশ্চিত করবে। তিনি আরও জানান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় যেভাবে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করে, শিক্ষার্থীদের মধ্যে সাংস্কৃতিক সম্পৃক্ততা বাড়াতে একইভাবে সংগীত প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে।

**কেন থেমে যায় অন্তর্বর্তী সরকারের উদ্যোগ?**

অন্তর্বর্তী সরকারের সময় ২০২৫ সালের ২৮ আগস্ট 'সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০২৫'-এর প্রজ্ঞাপন জারি করা হয়েছিল। এতে অন্যান্য বিষয়ের সঙ্গে সংগীত ও শারীরিক শিক্ষা বিষয়ে সহকারী শিক্ষক নিয়োগের সুযোগ রাখা হয়েছিল। ধর্মভিত্তিক রাজনৈতিক দলগুলোর আন্দোলনের মুখে গত নভেম্বরে বিধিমালা সংশোধন করে অন্তর্বর্তী সরকার। তাতে শুধুমাত্র প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক নিয়োগের কথা বলা হয়। সংগীত ও শারীরিক শিক্ষা বিষয়ে শিক্ষক নিয়োগের সুযোগ তখন বিধিমালা থেকে বাদ দেওয়া হয়। অন্তর্বর্তীকালীন সরকারের সময় জেলা ও উপজেলা পর্যায়ে সংগীত শিক্ষক নিয়োগ বাতিলসংক্রান্ত এক প্রশ্নের জবাবে ৩১ মার্চ সংস্কৃতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী বলেন, "তখন সব প্রতিষ্ঠানে সংগীত শিক্ষক পাওয়া যেত না এবং তারা মূলত জেলা পর্যায়ের স্কুলগুলোতে কেন্দ্রীভূত ছিলেন। অন্তর্বর্তী সরকার নির্বাচিত না হওয়ায় জনগণের কাছে তাদের সরাসরি দায়বদ্ধতা ছিল না। ওই সময়ে কিছু ভালো সিদ্ধান্তের পাশাপাশি, এমন কিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, যা আমাদের মতে এড়িয়ে যাওয়া যেত। তবে আমি বলব না যে, সেগুলো উদ্দেশ্যপ্রণোদিত ছিল।" ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) কার্যনির্বাহী সদস্য হেমা চাকমা ডিডাব্লিউকে তখন বলেছিলেন, "মুক্তিযুদ্ধের সময় গান আমাদের উদ্যমী (স্পিরিট) করেছিল। এই গানগুলোকে কি আমরা অস্বীকার করতে পারব? চব্বিশের আন্দোলনে কি এই সংগীত ভূমিকা রাখেনি? গান এমন একটি বিষয়, এটি চাইলেই বাদ দিতে পারব না। গানের মাধ্যমে আমরা দেশকে চাই। অন্যদিকে আমাদের মেয়েরা শরীর চর্চার মাধ্যমে আন্তর্জাতিক পর্যায়ে একটা অবস্থান তৈরি করেছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ রুবাইয়া)

## আলোচনার জন্য সোমবার পাকিস্তানে যাচ্ছেন মার্কিন প্রতিনিধিরা : ট্রাম্প

ইরানের সঙ্গে শান্তি চুক্তিতে পৌঁছাতে আলোচনার জন্য সোমবার সন্ধ্যায় মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দল পাকিস্তানে পৌঁছাবেন বলে জানিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। নিজের মালিকানাধীন সোশ্যাল মিডিয়া ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে রোববার এমন মন্তব্য করেন ট্রাম্প। মার্কিন প্রেসিডেন্ট বলেন, "আমার প্রতিনিধারা পাকিস্তানের ইসলামাবাদে যাচ্ছেন। আগামীকাল (সোমবার) সন্ধ্যায় তারা সেখানে পৌঁছাবেন।" প্রতিনিধি দলে কারা আছেন এর বিস্তারিত জানাননি তিনি। তবে বলেন, "মার্কিন যুক্তরাষ্ট্র শান্তি চুক্তির প্রস্তাব করেছে।" পোস্টে তিনি ইরানের সমালোচনাও করেন। হরমুজ প্রণালি পার হতে চাওয়া জাহাজে শনিবার হামলা চালিয়ে ইরান যুদ্ধবিরতি লঙ্ঘন করেছে বলে অভিযোগ করেন ট্রাম্প। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৪.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## ‘ফ্যামিলি কার্ড’ বিতরণ কার্যক্রমের দ্বিতীয় পর্যায়ের উদ্বোধন সোমবার

‘ফ্যামিলি কার্ড’ কার্যক্রমের দ্বিতীয় পর্যায়ের উদ্বোধন হতে যাচ্ছে সোমবার (২০ এপ্রিল)। প্রধানমন্ত্রী তারেক রহমান সকাল পৌনে ১২টায় বগুড়া জেলার গাবতলী উপজেলার বাগবাড়ীর শহিদ জিয়া ডিগ্রি কলেজ মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দ্বিতীয় পর্যায়ের কার্যক্রমের উদ্বোধন করবেন। রোববার (১৯ এপ্রিল) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বর্তমান সরকারের অন্যতম নির্বাচনি অঙ্গীকার 'ব্যক্তি নয়, পরিবারই উন্নয়নের মূল একক'- এই প্রতিপাদ্যকে সামনে রেখে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তরের উদ্যোগে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। প্রধানমন্ত্রী গত ১০ মার্চ এ কার্যক্রমের পরীক্ষামূলক (পাইলটিং) পর্যায়ের সূচনা করেছিলেন। নারীর ক্ষমতায়নের মাধ্যমে পরিবারের জীবনমানের সার্বিক উন্নয়নে এই কার্যক্রমটি একটি যুগান্তকারী পদক্ষেপ হিসেবে সর্বমহলে প্রশংসিত হচ্ছে বলে জানিয়েছে সমাজকল্যাণ মন্ত্রণালয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী প্রতীকী হিসেবে ১০ জন নারী পরিবার প্রধানের হাতে ‘ফ্যামিলি কার্ড’ তুলে দেবেন। এছাড়াও, তিনি ল্যাপটপের বোতাম চেপে জিটুপি পদ্ধতিতে বগুড়ার গাবতলী উপজেলার নশিপুর ইউনিয়নের ৯১১ জন উপকারভোগীকে ফ্যামিলি কার্ডের সদস্য হিসেবে অন্তর্ভুক্তি করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## ২০ এপ্রিল কারামুক্তিতে ই-বেইল বন্ড উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

নিজ পিতৃভূমি বগুড়ায় একদিনের সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (২০ এপ্রিল) সকালে সড়কপথে তিনি বগুড়ায় পৌঁছাবেন। সফরকে কেন্দ্র করে উত্তরবঙ্গের জনপদে বইছে উৎসবের আমেজ। প্রধানমন্ত্রীর এই সফরে একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের ঘোষণার পাশাপাশি, সবচেয়ে বেশি গুরুত্ব পাচ্ছে বিচার বিভাগের ডিজিটালাইজেশন বা ‘ই-বেইল বন্ড’ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন। সফরসূচি অনুযায়ী, প্রধানমন্ত্রী সকালে বগুড়া সার্কিট হাউজে যাত্রাবিরতির পর সরাসরি আদালত প্রাঙ্গণে উপস্থিত হবেন। সেখানে তিনি আইনজীবীদের জন্য নবনির্মিত আধুনিক বার ভবন উদ্বোধন করবেন। এরপর জেলা ও দায়রা জজ আদালতের কনফারেন্স রুমে দেশের প্রথম ‘ই-বেইল বন্ড’ (ইলেকট্রনিক জামিননামা) ব্যবস্থাপনা কার্যক্রম আনুষ্ঠানিক যাত্রা শুরু করবেন। বগুড়া থেকেই এই ডিজিটাল জামিন প্রক্রিয়া পর্যায়ক্রমে সারা দেশে ছড়িয়ে দেওয়া হবে বলে জানা গেছে। বর্তমানে প্রচলিত পদ্ধতিতে জামিননামা দাখিল ও কারামুক্তির প্রক্রিয়ায় সেবাগ্রহীতাদের নানা ভোগান্তির শিকার হতে হয়। সংশ্লিষ্টরা বলছেন, সনাতন পদ্ধতিতে সময়ের অপচয়ের পাশাপাশি অনেক ক্ষেত্রে জামিন জালিয়াতি ও দালাল চক্রের দৌরাত্ম্য দেখা যায়। ‘ই-বেইল বন্ড’ চালু হলে এ অবস্থার আমূল পরিবর্তন আসবে। বগুড়া জেলা কারাগারের ভারপ্রাপ্ত জেলার মো. নুরুল মুবীন বলেন, ডিজিটাল পদ্ধতিতে জামিননামা যাচাই ও কার্যকর হওয়ার ফলে বন্দিদের স্বজনদের ভোগান্তি অনেকাংশে কমে আসবে। একইসঙ্গে জামিন জালিয়াতি ঠেকানো ও অসাধু চক্রের প্রভাব কমানো সম্ভব হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## সরকার বাধ্য হয়েই তেলের দাম বাড়িয়েছে : জ্বালানিমন্ত্রী

আমদানি খরচ বেশি হওয়ায় সরকার জ্বালানি তেলের দাম বাড়াতে বাধ্য হয়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। রোববার (১৯ এপ্রিল) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ কথা জানান। জ্বালানি তেলের দাম ১৫ থেকে ২০ টাকা বাড়ানো হলো। এতে কতটা নেতিবাচক প্রভাব পড়বে জানতে চাইলে মন্ত্রী বলেন, সারাবিশ্ব তাদের তেলের দাম অ্যাডজাস্ট করেছে। এমনকি আমেরিকাও ৫ ডলার বাড়িয়ে দিয়েছে। সেখানে আমরা এই যুদ্ধ লাগার পর থেকে বাংলাদেশে ইমপোর্ট করে যে স্টক তৈরি করেছি, তার যে দাম পড়েছে, সে দামের থেকে নিচেই আমরা এখন প্রাইস অ্যাডজাস্টমেন্ট করছি। তিনি বলেন, এটা করতে বাধ্য হয়েছি আমরা। কারণ এটা বৈদেশিক মুদ্রা দিয়ে কিনতে হয় এবং আমরা যেন সহনীয় লেভেলে থাকতে পারি, সেই ব্যবস্থা করেছি। দাম বাড়ানোর পর এখনো কত ভর্তুকি দিতে হচ্ছে জানতে চাইলে মন্ত্রী বলেন, ভর্তুকি এখনো আছে। ইফ ইউ ওয়ান্ট অ্যাকুরেট হিসাব, তাহলে আমার মন্ত্রণালয়ে গিয়ে বসে ওখান থেকে হিসাব নিয়ে আসেন। জীবনযাত্রায় জ্বালানি তেলের দাম বৃদ্ধির সার্বিক প্রভাবটা কেমন হতে পারে জানতে চাইলে ইকবাল হাসান মাহমুদ বলেন, দাম বাড়া মানেই বিরূপ প্রভাব পড়া। এই যুদ্ধে শুধু বাংলাদেশ না, সারা পৃথিবীর প্রতি প্রভাব পড়েছে। আমাদের উপরও সেই প্রভাব আছে। আপনারা বলেছিলেন, এপ্রিলে জ্বালানি তেলের দাম বাড়াবেন না- এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী বলেন, বলছিলাম তো, সেটা বললাম তো। বাধ্য হয়েছি, আমরা এখন করতে। মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে অস্থির গোটা বিশ্বের জ্বালানি বাজার। বাংলাদেশেও গত দেড় মাস ধরে জ্বালানি তেল নিয়ে চলছে সংকট। এতদিন জেট ফুয়েল ছাড়া অন্য জ্বালানির দাম না বাড়ালেও, শেষ পর্যন্ত সব ধরনের জ্বালানি তেলের দাম বাড়িয়েছে সরকার। বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য রেখে দেশে ভোক্তা পর্যায়ে বিক্রয়মূল্য সমন্বয় করে শনিবার (১৮ এপ্রিল) প্রজ্ঞাপন জারি করেছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, যা আজ থেকে কার্যকর হয়েছে। ভোক্তা

পর্যায়ে প্রতি লিটার ডিজেলের দাম ১০০ টাকা থেকে বাড়িয়ে ১১৫ টাকা, অকটেনের দাম ১২০ টাকা থেকে বাড়িয়ে ১৪০ টাকা, পেট্রোলের দাম ১১৬ টাকা থেকে বাড়িয়ে ১৩৫ টাকা এবং কেরোসিন ১১২ টাকা থেকে বাড়িয়ে ১৩০ টাকা নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে প্রতি লিটার ডিজেল ১৫ টাকা, অকটেন ২০ টাকা, পেট্রোল ১৯ টাকা ও কেরোসিনের দাম ১৮ টাকা বেড়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## এস আলমের হাতে ইসলামীসহ ৫ ব্যাংকের নিয়ন্ত্রণ ফেরাতে মতিঝিলে অবস্থান

এস আলমের হাতে ইসলামী ব্যাংকসহ পাঁচ ব্যাংকের নিয়ন্ত্রণ ফিরিয়ে দেওয়ার দাবিতে রাজধানীর মতিঝিলে অবস্থান কর্মসূচি পালন করেছেন এসব ব্যাংকের চাকরিচ্যুত কয়েক হাজার কর্মকর্তা। বিক্ষোভকারীদের তিন দফা দাবির মধ্যে রয়েছে- চাকরিচ্যুতদের পুনর্বহাল, এস আলমের হাতে ব্যাংকের নিয়ন্ত্রণ ফিরিয়ে দেওয়া এবং বর্তমান পরিচালনা পর্ষদ বাতিল করা। রোববার (১৯ এপ্রিল) সকাল ১০টার দিকে মতিঝিলের দিলকুশা এলাকায় ইসলামী ব্যাংকের প্রধান কার্যালয়ের সামনে এ অবস্থান কর্মসূচি পালন করা হয়। জানা যায়, এস আলমের নিয়ন্ত্রণে থাকা পাঁচটি ব্যাংকের চট্টগ্রামের পটিয়া অঞ্চলসহ বিভিন্ন এলাকা থেকে আসা এসব কর্মকর্তা এ কর্মসূচিতে অংশ নেন। ব্যাংক পাঁচটি হলো- ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসি, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, ইউনিয়ন ব্যাংক পিএলসি এবং গ্লোবাল ইসলামী ব্যাংক পিএলসি। গত দুইদিন ধরে তারা ঢাকায় এসে বিভিন্ন হোটেলে অবস্থান করেন। এমনকি শনিবার রাতেও শতাধিক মাইক্রোবাসে করে আরও লোকজন ঢাকায় পৌঁছান বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। অবস্থান কর্মসূচিতে অংশ নেওয়া পটিয়ার আল-আমিন বলেন, আমরা দীর্ঘদিন ধরে ব্যাংকে কর্মরত ছিলাম। কিন্তু রাজনৈতিক পটপরিবর্তনের পর অন্তর্বর্তী সরকারের সময় আমাদের বিনা কারণে চাকরিচ্যুত করা হয়েছে। দ্রুত আমাদের চাকরি ফেরত দিতে হবে। এদিকে, সংশ্লিষ্ট একটি গ্রাহক ফোরামের পক্ষ থেকে দাবি করা হয়েছে, ২০১৭ সালে রাষ্ট্রীয় প্রভাব খাটিয়ে ইসলামী ব্যাংকের নিয়ন্ত্রণ নেয় এস আলম গ্রুপ। সে সময় বৈধ মালিক ও বিদেশি শেয়ার হোল্ডারদের ভয়ভীতি দেখিয়ে সরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ ওঠে। তাদের আরও দাবি, ওই সময় থেকে ২০২৪ সালের আগস্ট পর্যন্ত চট্টগ্রাম অঞ্চলের বিপুলসংখ্যক লোককে নিয়মবহির্ভূতভাবে নিয়োগ দেওয়া হয়। এতে দেশের অন্যান্য জেলার প্রার্থীরা বঞ্চিত হয়েছেন। এর আগে, এসব নিয়োগপ্রাপ্তদের দক্ষতা যাচাইয়ের জন্য গত ২৭ সেপ্টেম্বর একটি মূল্যায়ন পরীক্ষার আয়োজন করা হয়। তবে ডাকা হলেও অধিকাংশ কর্মকর্তা ওই পরীক্ষায় অংশ নেননি বলে ব্যাংক সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এলাকায় অতিরিক্ত আইন-শৃঙ্খলা বাহিনী মোতায়েন করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## সচিব পদমর্যাদায় চুক্তিভিত্তিক নিয়োগ পেলেন তিন কর্মকর্তা

সচিব পদমর্যাদায় এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক, ভূমি আপিল বোর্ডের চেয়ারম্যান এবং ওয়াকফ প্রশাসক পদে তিনজন কর্মকর্তাকে চুক্তিভিত্তিক নিয়োগ দিয়েছে সরকার। এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক হয়েছেন ড. মোহাম্মদ জকরিয়া। সাফিজ উদ্দিন আহমেদকে বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়ের ওয়াকফ প্রশাসক। মো. আব্দুল্লাহ আল বাকীকে ভূমি আপিল বোর্ডের চেয়ারম্যান করা হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) সাবেক এ আমলাদের এক বছরের জন্য নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে তিনটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এতে বলা হয়, 'সরকারি চাকরি আইন, ২০১৮'-এর ৪৯ ধারা অনুযায়ী এ কর্মকর্তাদের অন্য যে-কোনো পেশা, ব্যবসা কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান বা সংগঠনের সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ থেকে এক বছর মেয়াদে এসব পদে সচিব পদমর্যাদায় চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হলো। এই নিয়োগের অন্যান্য শর্ত চুক্তিপত্র দিয়ে নির্ধারিত হবে বলেও প্রজ্ঞাপনে জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## তেলের লাইনে এবার গৃহিণীরা

কৃষিকাজ সচল রাখতে এবং স্বামীর কাজের ক্ষতি এড়াতে এবার তেল লাইনে দাঁড়িয়েছেন গৃহিণীরা। চুয়াডাঙ্গার বিভিন্ন ফিলিং স্টেশনে নতুন চিত্র দেখা গেছে। শনিবার (১৮ এপ্রিল) উপজেলার সন্তোষপুর এলাকার অঙ্গন ফিলিং স্টেশনে গিয়ে দেখা যায়, ডিজেল নিতে পুরুষের পাশাপাশি নারীরাও ফুয়েল কার্ড ও পাত্র হাতে নিয়ে লাইনে দাঁড়িয়েছেন। অনেকেই জানান, পরিবারের কৃষিকাজ ও দৈনন্দিন কাজ সচল রাখতে বাধ্য হয়েই তারা এ লাইনে দাঁড়িয়েছেন। লাইনে দাঁড়ানো আকলিমা খাতুন বলেন, স্বামী তেল নিতে এলে পুরো দিন পাম্পেই কেটে যায়। এতে জমির কাজ ব্যাহত হয়। তাই স্বামীকে মাঠে পাঠিয়ে আমি লাইনে দাঁড়িয়েছি। আসমা খাতুন নামের আরেক নারী বলেন, পুরুষরা তেল আনতে গেলে সেদিন কাজ বন্ধ থাকে। তাই আমিই তেল নিতে এসেছি। সন্ধ্যা রানী নামের এক নারী বলেন, বাড়িতে একজন অসুস্থ। রোদে দীর্ঘ সময় দাঁড়ালে তার সমস্যা বাড়বে। তাই নিজেই তেল নিতে এসেছি। অঙ্গন ফিলিং স্টেশনের ম্যানেজার আব্দুল হান্নান বলেন, পেট্রোলের চাপ কিছুটা কমেছে, তবে ডিজেলের জন্য দীর্ঘ লাইন রয়েছে। এখন পুরুষদের পাশাপাশি নারীরাও লাইনে দাঁড়াচ্ছেন। আমরা পাঁচজন পুরুষের পর একজন নারীকে তেল দিচ্ছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## এসএসসি পরীক্ষায় সিসি ক্যামেরা ও প্রশ্নপত্র নিয়ে জরুরি নির্দেশনা

আসন্ন এসএসসি পরীক্ষা সুষ্ঠু, স্বচ্ছ ও নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করতে কেন্দ্রগুলোর জন্য জরুরি নির্দেশনা জারি করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। কেন্দ্রগুলোকে সিসি ক্যামেরা সংক্রান্ত তথ্য ও প্রশ্নপত্র গ্রহণকারী সংশ্লিষ্টদের বিস্তারিত তথ্য জরুরি ভিত্তিতে পাঠাতে বলা হয়েছে। বিষয়টিকে 'অতীব জরুরি' হিসেবে উল্লেখ করা হয়েছে। রোববার (১৯ এপ্রিল) বোর্ডের জারি করা বিজ্ঞপ্তিতে বলা হয়, সিসি টিভি ক্যামেরার আইডি ও পাসওয়ার্ড এবং ট্রেজারি থেকে যে-সব শিক্ষক, কর্মচারী প্রশ্নপত্র গ্রহণ করবে তাদের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর controller@dhakaeducationboard.gov.bd ই-মেইলে পাঠাতে হবে। নির্দেশনা অনুযায়ী, আজ রোববার অফিস সময়ের মধ্যে নির্ধারিত ই-মেইলে এসব তথ্য পাঠাতে হবে। শিক্ষা বোর্ডগুলোর প্রকাশিত সময়সূচি অনুযায়ী, এবার এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হবে আগামী ২১ এপ্রিল। প্রথম দিনে বাংলা প্রথমপত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা শেষ হবে ২০ মে। ৭ জুন থেকে শুরু হবে ব্যবহারিক পরীক্ষা, যা চলবে ১৪ জুন পর্যন্ত।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## বিষয়ক অধিদপ্তরের নতুন ডিজি, বিসিসিতে নির্বাহী পরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তরে নতুন মহাপরিচালক (ডিজি) এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে (বিসিসি) নতুন নির্বাহী পরিচালক নিয়োগ দিয়েছে সরকার। এ বিষয়ে শনিবার (১৮ এপ্রিল) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের নতুন মহাপরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগে সংযুক্ত অতিরিক্ত সচিব শায়লা শার্মিন জামান। এজন্য তার চাকরি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক জিনাত আরাকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব করা হয়েছে। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক আবু সাঈদ মো. কামরুজ্জামানকে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক হিসেবে বদলি করা হয়েছে। এজন্য তার চাকরি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে ন্যস্ত করা হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব মোহাম্মদ মাসুদ রানা চৌধুরীকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে বদলি করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## সৌদি আরবে গেলেন ৭৬৩৪ হজযাত্রী

রোববার (১৯ এপ্রিল) সকাল ১০টা পর্যন্ত ১৯টি ফ্লাইটের মাধ্যমে সৌদি আরবে পৌঁছেছেন ৭ হাজার ৬৩৪ জন বাংলাদেশি হজযাত্রী। এর মধ্যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের আটটি ফ্লাইটে ৩ হাজার ৩০৯ জন এবং সৌদি এয়ারলাইন্সের সাতটি ফ্লাইটের মাধ্যমে ২ হাজার ৭১৬ জন এবং ফ্লাই নাসের চারটি ফ্লাইটের মাধ্যমে ১ হাজার ৬০৯ সৌদি আরব গেছেন। রোববার আশকোনা হজ অফিসের এক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। এতে বলা হয়, চলতি বছর বাংলাদেশ থেকে সরকারি-বেসরকারি ব্যবস্থাপনা মিলিয়ে মোট ৭৮ হাজার ৫০০ জন হজে যাবেন। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় চার হাজার ৫৬৫ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৭৩ হাজার ৯৩৫ জন। এবার বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী এজেন্সির সংখ্যা ৬৬০টি। এর মধ্যে লিড এজেন্সি ৩০টি, বাকি ৬৩০টি সমন্বয়কারী এজেন্সি। সৌদি আরব যাওয়ার মোট ফ্লাইট বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ১০০টি, সৌদি এয়ারলাইন্সের ৭৫টি এবং ফ্লাই নাস এয়ারলাইন্সের ৩০টি। সৌদি আরবে যাওয়ার ফ্লাইট শেষ হবে ২১ মে। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৬ মে সৌদি আরবে পবিত্র হজ অনুষ্ঠিত হবে। গত শুক্রবার রাতে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আনুষ্ঠানিকভাবে এ বছরের হজ ফ্লাইট কার্যক্রমের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## ডিজেলে কৃষকের খরচ বাড়বে দেড় হাজার কোটি টাকা

দেশে এখন ডিজেলের চাহিদা প্রায় ৪৩ লাখ ৫০ হাজার টন। এর প্রায় ২৪ শতাংশ, অর্থাৎ ১০ লাখ ৪৪ হাজার টন ব্যবহার হয় কৃষিকাজে। দেশের ৮০ শতাংশ সেচ কার্যক্রমও ডিজেলনির্ভর। পাশাপাশি, ক্ষেত প্রস্তুত থেকে ফসল ঘরে তোলা পর্যন্তও ডিজেল লাগে। সরকার লিটারে ১৫ টাকা বাড়ানোয় কৃষকের খরচ বাড়বে প্রায় দেড় হাজার কোটি টাকা। শনিবার (১৮ এপ্রিল) প্রতি লিটার ডিজেলের দাম ১০০ টাকা থেকে বাড়িয়ে ১১৫ টাকা নির্ধারণ করেছে সরকার। হিসাব বলছে, এতে কৃষকের ব্যয় আগের চেয়ে বাড়বে প্রায় ১ হাজার ৫৬৬ কোটি টাকা। আগের দামে কৃষকের বছরে ডিজেলে খরচ হতো ১০ হাজার ৪৪০ কোটি টাকা। নতুন করে লিটারপ্রতি ১৫ টাকা দাম বাড়ায় এখন ব্যয় হবে ১২ হাজার ৬ কোটি টাকা। কৃষি বিশেষজ্ঞরা বলছেন, এ মূল্যবৃদ্ধির ফলে কৃষি অর্থনীতিতে দুই ধরনের চাপ সৃষ্টি হতে পারে। উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় কৃষকের ফসলের ন্যায্যমূল্য পাওয়া আরও কঠিন হবে। আবার বাজারে খাদ্যের দাম বাড়ায় গরিব ও সীমিত আয়ের মানুষের খরচ বাড়বে। বিশেষ করে চালের দাম বেড়ে গেলে গরিব মানুষের কষ্ট যেমন বাড়বে, তেমনি অন্য খরচেও এর প্রভাব পড়বে, যা মূল্যস্ফীতিকে আরও উসকে দেবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## দেশে মজুত থাকা গ্যাস ১২ বছর চলবে : জ্বালানি নিমন্ত্রী

বর্তমানে দেশে যে পরিমাণ গ্যাস মজুত আছে, তা দিয়ে ১২ বছর সরবরাহ করা সম্ভব হবে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। রোববার (১৯ এপ্রিল) জাতীয় সংসদের প্রথম অধিবেশনের ১৬তম দিনের কার্যক্রমে বগুড়া-৪ আসনের সংসদ সদস্য মো. মোশারফ হোসেনের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। লিখিত প্রশ্নের জবাবে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বলেন, বর্তমানে দেশে উত্তোলনযোগ্য গ্যাসের মজুত ২৯ দশমিক ৭৪ ট্রিলিয়ন ঘনফুট। এর মধ্যে ২০২৫ সালের ডিসেম্বর পর্যন্ত ২২ দশমিক ১১ ট্রিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলন করা হয়েছে। চলতি বছরের ১ জানুয়ারি পর্যন্ত অবশিষ্ট মজুত গ্যাসের পরিমাণ ৭ দশমিক ৬৩ ট্রিলিয়ন ঘনফুট গ্যাস। নতুন কোনো গ্যাসক্ষেত্র আবিষ্কৃত না হলে এবং বর্তমান কমবেশি দৈনিক ১৭০০ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস সরবরাহ করা হলে, ওই অবশিষ্ট গ্যাস আনুমানিক ১২ বছর সরবরাহ করা সম্ভব হবে। সংসদে গ্যাসের অনুসন্ধান কার্যক্রম তুলে ধরেন মন্ত্রী। তিনি জানান, পেট্রোবাংলা কর্তৃক ৫০-১০০টি কূপ খনন ও ওয়ার্কওভার কর্মপরিকল্পনার আওতায় অদ্যাবধি ২৬টি কূপ খনন ও ওয়ার্কওভার কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কূপগুলো খনন এবং ওয়ার্কওভারের লক্ষ্যে কার্যক্রম বিভিন্ন পর্যায়ে চলমান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## ১২ কেজির গ্যাস সিলিন্ডারে ১৮ দিনে বাড়লো ৬০০ টাকা

চলতি মাসের জন্য গত ২ এপ্রিল ভোক্তাপর্যায়ে বেসরকারি খাতের তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম সমন্বয় করেছিল বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। তখন ১২ কেজির এলপিজি সিলিন্ডার এক হাজার ৩৪১ টাকা থেকে বাড়িয়ে ১ হাজার ৭২৮ টাকা করা হয়েছিল। ভোক্তা পর্যায়ে ১২ কেজির সিলিন্ডারে দাম বেড়েছিল ৩৮৭ টাকা। আজ রোববার (১৯ এপ্রিল) এক মাসেই দ্বিতীয়বারের মতো বাড়ানো হলো এলপি গ্যাসের দাম। এবার ভোক্তা পর্যায়ে ১২ কেজির এলপিজি সিলিন্ডারে ২১২ টাকা বাড়িয়ে নতুন দাম নির্ধারণ করা হলো- ১ হাজার ৯৪০ টাকা, যা আজ সন্ধ্যা ৬টা থেকে কার্যকর হবে। এ হিসাবে ২ এপ্রিলের পর মাত্র ১৮ দিনের ব্যবধানে দুই দফায় ১২ কেজির এলপিজি সিলিন্ডারে দাম বাড়লো ৫৯৯ টাকা। অর্থাৎ, গত ১ এপ্রিল ১২ কেজির যে সিলিন্ডারটি ১৩৪১ টাকায় কেনা যেতো, আজ থেকে সেটি কিনতে ভোক্তাকে গুনতে হবে ১ হাজার ৯৪০ টাকা। রোববার (১৯ এপ্রিল) বিকেলে বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) এক বিজ্ঞপ্তিতে নতুন করে এলপিজির দাম নির্ধারণের ঘোষণা দেয়। এলপিজির ১২ কেজি সিলিন্ডার গৃহস্থালির কাজে সবচেয়ে বেশি ব্যবহৃত হয়। গত ২ এপ্রিলের ঘোষণায় ভোক্তা পর্যায়ে প্রতি কেজি এলপি গ্যাসের দাম বেড়েছিল ৩২ টাকা ৩০ পয়সা। এবার প্রতি কেজিতে বাড়লো ১৭ টাকা ৬২ পয়সা। ১২ কেজির সিলিন্ডারের দাম ১৯৪০ টাকা ধরে এখন থেকে প্রতি কেজি এলপিজির দাম পড়বে ১৬১ টাকা ৬৬ পয়সা। এ হিসাবে বিভিন্ন আকারের এলপিজি সিলিন্ডারের দাম নির্ধারিত হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## বাসের ভাড়া ৪০ শতাংশ বাড়াতে চায় মালিক সমিতি

বৈশ্বিক জ্বালানি সংকটের মধ্যে গতকাল শনিবার (১৮ এপ্রিল) রাতে বাংলাদেশের ইতিহাসে জ্বালানি তেলের দাম সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। সরকার এক প্রজ্ঞাপনের মাধ্যমে জ্বালানি তেলের নতুন দাম ঘোষণা করেছে। এখন প্রতি লিটার ডিজেলের দাম ১১৫ টাকা, কেরোসিন ১৩০ টাকা, অকটেন ১৪০ টাকা ও পেট্রোল ১৩৫ টাকায় বিক্রি হচ্ছে। সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ নির্ধারিত ওই দাম আজ রোববার (১৯ এপ্রিল) থেকে কার্যকর হয়েছে। ঢাকাসহ সারা দেশের পাম্প থেকে সরকার নির্ধারিত দামে জ্বালানি তেল বিক্রি হচ্ছে। এদিকে, জ্বালানির দাম বাড়ার পরিপ্রেক্ষিতে বাস ভাড়া ৪০ শতাংশ পর্যন্ত বাড়ানোর দাবি জানিয়েছে মালিক সমিতি। এদিকে, সরকারের ওই সিদ্ধান্তের পর অঘোষিতভাবে ভাড়া বাড়িয়ে দিয়েছেন ঢাকার গণপরিবহণ চালকরা। যাত্রীদের অভিযোগ, আজ রোববার সকাল থেকে ঢাকার সব গন্তব্যে সরকার নির্ধারিত হারের চেয়ে বেশি ভাড়া নিচ্ছেন বাসচালক এবং তাদের সহযোগীরা। যাত্রীরা প্রতিবাদ করলে জ্বালানির দাম বেড়েছে বলে জানান তারা। যদিও জ্বালানি তেলের দাম বাড়ার পর রোববার বিকেল পর্যন্ত বাস ভাড়া বাড়ার ঘোষণা দেয়নি বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ)।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## সপ্তাহে ২ দিন হাইকোর্টে বিচারকাজ চলবে ভার্চুয়ালি

বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতি এবং জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে সপ্তাহে দুইদিন ভার্চুয়াল কোর্ট পরিচালনা করা হবে। রোববার (১৯ এপ্রিল) হাইকোর্ট বিভাগের প্রশাসন শাখা থেকে এ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে। হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার মুহাম্মদ নূরুল আমীন বিপ্লবের সই করা ওই নির্দেশনায় বলা হয়, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এবং জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয় নিশ্চিতের লক্ষ্যে আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ (২০২০ সালের ১১ নম্বর আইন) এবং অত্র কোর্ট কর্তৃক জারিকৃত প্রাকটিস

ডাইরেকশন অনুসরণে তথ্য প্রযুক্তি ব্যবহার করে প্রতি সপ্তাহে ২ দিন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ভার্চুয়াল কোর্ট পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই অবস্থায় বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের একক বেঞ্চে কর্মরত সব বেঞ্চ অফিসারকে এবং দ্বৈত বেঞ্চ থেকে যে-কোনো একজন বেঞ্চ অফিসারকে তাদের ই-মেইল আইডি, পাসওয়ার্ড ও মোবাইল নম্বরসহ নিজে অথবা প্রতিনিধির মাধ্যমে হাইকোর্ট বিভাগের আইটি শাখায় উপস্থিত হয়ে সোমবারের (২০ এপ্রিল) মধ্যে জুম আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। দীর্ঘ অবকাশকালীন ছুটি শেষে সুপ্রিম কোর্টে রোববার (১৯ এপ্রিল) সকাল নিয়মিত বিচারিক কার্যক্রম শুরু হয়েছে। প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী হাইকোর্টের ৬৩টি বেঞ্চ গঠন করে দিয়েছেন। যেখানে ২৯টি একক ও ৩৪টি দ্বৈত বেঞ্চ রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## আইএমএফের সঙ্গে আলোচনা চলমান, সব শর্তে একমত নাও হতে পারে সরকার

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) সঙ্গে পূর্ববর্তী সরকারের সময়ে হওয়া চুক্তির সব শর্তে বর্তমান সরকার একমত নাও হতে পারে বলে মন্তব্য করেছেন, অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, আইএমএফ, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), বিশ্বব্যাংকসহ বিভিন্ন দাতা সংস্থার সঙ্গে আলোচনা একটি চলমান প্রক্রিয়া। রোববার (১৯ এপ্রিল) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, আমরা একটি নির্বাচিত গণতান্ত্রিক সরকার। শুধু তাদের সিদ্ধান্তে সব কিছু হবে না, আমাদেরও সিদ্ধান্ত আছে। অর্থমন্ত্রী জানান, আইএমএফের সঙ্গে আরও ১৫ থেকে ২০ দিন, এমনকি এক মাস পর্যন্ত আলোচনা চলতে পারে। অন্যদিকে বিশ্বব্যাংক ও এডিবির সঙ্গে আলোচনায় এরই মধ্যে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে বলেও জানান তিনি। সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিষয়ে আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, সরকার সব সময় সাধারণ মানুষের স্বার্থ ও সামাজিক নিরাপত্তা মাথায় রেখে কাজ করছে। 'ফ্যামিলি কার্ড' কর্মসূচি দাতা সংস্থাগুলোর কাছেও উচ্চ প্রশংসা পেয়েছে বলে উল্লেখ করেন তিনি। জ্বালানি তেলের মূল্য নিয়ে তিনি বলেন, বিশ্বের অনেক দেশের তুলনায় বাংলাদেশে তেলের দাম অতিরিক্ত বাড়ানো হয়নি। উদাহরণ হিসেবে তিনি বলেন, আমেরিকায় তেলের দাম দ্বিগুণ হয়েছে। মূল্যস্ফীতি প্রসঙ্গে অর্থমন্ত্রী বলেন, মূল্যস্ফীতি বাড়তেও পারে, আবার নাও বাড়তে পারে, সরকার পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। তিনি আরও বলেন, সব দাতা সংস্থাই বর্তমান সরকারকে সহযোগিতা করতে আগ্রহী। শিগ্গির বিশ্বব্যাংক ও এডিবির প্রেসিডেন্ট বাংলাদেশ সফরে আসবেন বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## রুমিন ফারহানার বক্তব্যের সময় 'অশালীন অঙ্গভঙ্গি', নিন্দা বিরোধীদলের

জাতীয় সংসদে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানার বক্তব্যের সময় ট্রেজারি বেঞ্চের সদস্যদের অশালীন অঙ্গভঙ্গির তীব্র নিন্দা জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। একইসঙ্গে সংসদে কথা বলার ক্ষেত্রে সিরিয়ালিটি বা পর্যায়ক্রম বজায় রাখার জন্য স্পিকারের প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। পরে একই আহ্বান জানান সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি। রোববার (১৯ এপ্রিল) জাতীয় সংসদ অধিবেশনে ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে বিরোধীদলীয় নেতা এ বিষয়ে কথা বলেন। সংসদে অশালীন আচরণের বিষয়ে ক্ষোভ প্রকাশ করে শফিকুর রহমান বলেন, সংসদ সদস্যদের বক্তব্যের সময় ট্রেজারি বেঞ্চের সম্মানিত কিছু সদস্যের অশালীন অঙ্গভঙ্গি আমার বিবেকে আঘাত করেছে। আমি চার-পাঁচবার নির্বাচিত হওয়া সদস্যদের কাছ থেকে এমন আচরণ আশা করিনি। আমরা প্রথম দিনই বলেছিলাম, এখানে একটি ভালো সংস্কৃতির চর্চা হোক। কিন্তু বারবার বলার পরও এমন আচরণ দুঃখজনক এবং আমি এর তীব্র নিন্দা জানাই। তিনি আরও বলেন, সংসদে কথা বলার ক্ষেত্রে স্পিকারের সিদ্ধান্তই চূড়ান্ত। তবে কথা বলার সুযোগ পাওয়ার ক্ষেত্রে যে বৈষম্য তৈরি হয়েছে, তা উদ্বেগের। বিরোধীদলীয় নেতার বক্তব্য অনুযায়ী স্পিকার সবাইকে সংসদীয় শিষ্টাচার বজায় রাখা এবং কার্যপ্রণালি বিধি অনুযায়ী আলোচনার পরিবেশ নিশ্চিত করার অনুরোধ জানান। এসময় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি নতুন সদস্যদের সুযোগ দেওয়ার বিষয়ে গুরুত্বারোপ করে বলেন, সংসদে ২২০ জন নতুন সদস্য আছেন। তারা তাদের নির্বাচনি এলাকা ও দেশের গুরুত্বপূর্ণ বিষয়ে কথা বলতে চান। কিন্তু অনেকেই বারবার সুযোগ পেলেও, কেউ কেউ একবারও কথা বলার সুযোগ পাচ্ছেন না। চিফ হুইপ স্পিকারের দৃষ্টি আকর্ষণ করে জানান, যিনি নোটিশ আগে দেবেন, তারটা যেন সিরিয়াল অনুযায়ী আগে আসে। বিষয়টি যদি কিছুদিন অনুসরণ করা হয়, তবে নতুন সদস্যরা উৎসাহ পাবেন এবং সংসদ আরও প্রাণবন্ত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## এলপিজি সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়েছে সরকার : বিদ্যুৎমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বলেছেন, ভোক্তা পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে এলপিজি সিলিন্ডার বিক্রি নিশ্চিত করতে এবং কৃত্রিম সংকট সৃষ্টিকারী সিন্ডিকেটের বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়েছে সরকার। এ লক্ষ্যে মাঠ পর্যায়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার পাশাপাশি মজুতদারদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে পুলিশ সুপার ও জেলা প্রশাসকদের (ডিসি) বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে। রোববার (১৯ এপ্রিল) জাতীয় সংসদে পাবনা-৫ আসনের সংসদ সদস্য মো. শামছুর রহমান শিমুল বিশ্বাসের লিখিত প্রশ্নের জবাবে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ

মন্ত্রী এসব কথা বলেন। ইকবাল হাসান মাহমুদ বলেন, এলপিজির নির্ধারিত দাম নিশ্চিত করতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে মন্ত্রিপরিষদ বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে চিঠি দেওয়া হয়েছে। একইসঙ্গে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে পুলিশ সুপারদের আইনি পদক্ষেপ নিতে অনুরোধ জানানো হয়েছে। তিনি বলেন, জেলা প্রশাসনের মাধ্যমে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। কোথাও মজুতদারির প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানাসহ সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হচ্ছে। সংসদকে মন্ত্রী জানান, সারা দেশে বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) নির্ধারিত মূল্যে এলপিজি বিক্রি নিশ্চিত করতে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরকে নিবিড় তদারকি ও বাজার মনিটরিংয়ের নির্দেশ দেওয়া হয়েছে। বর্তমানে অধিদপ্তরের বিশেষ টিম নিয়মিত অভিযান পরিচালনা করছে। এছাড়া এলপিজি অপারেটরদের সংগঠন 'লোয়াব'-কেও নির্ধারিত মূল্যে গ্যাস বিক্রির বিষয়টি সমন্বয় করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## এলএনজিতে দ্বৈত কর, ৫২ মাসে পেট্রোবাংলার বকেয়া ২২ হাজার কোটি টাকা

রাজস্ব ঘাটতির চাপ মোকাবিলায় সরকার যখন আয় বাড়ানোর তাগিদ দিচ্ছে, ঠিক সে সময়ে বিশাল অঙ্কের শুল্ক কর বকেয়া নিয়ে প্রশ্নের মুখে পড়েছে রাষ্ট্রীয় জ্বালানি সংস্থা বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)। আমদানি করা তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) খাতে সংস্থাটির বকেয়া জমে দাঁড়িয়েছে ২২ হাজার ২৬৮ কোটি ৯৩ লাখ টাকা। দীর্ঘ ৫২ মাসে এই বিপুল অঙ্কের শুল্ক কর বকেয়া হয়েছে। তবে, এনবিআরের কাছে বকেয়া বাড়ার বিষয়ে দ্বৈত করকে দায়ী করছে পেট্রোবাংলা। সংস্থাটি জানায়, একই গ্যাসে পেট্রোবাংলার কাছ থেকে দুবার শুল্ক কর নিচ্ছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। এলএনজি আমদানির সময় তাদের ১৫ শতাংশ ভ্যাট ও ২ শতাংশ অগ্রিম কর দিতে হয়। আবার গ্রাহক পর্যায়ে বিক্রির সময় ১৫ শতাংশ ভ্যাট ও ২ শতাংশ উৎসে কর দিতে হচ্ছে। দ্বৈত করের ফলে গ্রাহক পর্যায়ে বাড়ছে এলএনজির দাম, পাশাপাশি বাড়তি শুল্ক করের চাপে পড়ছে পেট্রোবাংলা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## সিটি করপোরেশন হচ্ছে বগুড়া, প্রধানমন্ত্রীর ঘোষণার অপেক্ষায় জেলাবাসী

দেড়শ বছরের পুরোনো ও দেশের অন্যতম বৃহৎ পৌরসভা বগুড়াকে অবশেষে দেশের ১৩তম সিটি করপোরেশন হিসেবে ঘোষণা করা হচ্ছে। আগামীকাল রোববার (২০ এপ্রিল) প্রধানমন্ত্রী তারেক রহমান বগুড়া সফরে এসে এই ঘোষণা দেবেন বলে আশা করা হচ্ছে। এই খবরটি ছড়িয়ে পড়ার পর থেকেই উত্তরবঙ্গের প্রাণকেন্দ্র বগুড়া জেলাজুড়ে বইছে উৎসবের আমেজ। স্থানীয় সূত্রে জানা যায়, দীর্ঘ দুই দশকেরও বেশি সময় ধরে রাজনৈতিক বৈষম্য ও বঞ্চনার শিকার বগুড়া পৌরসভা সব শর্ত পূরণ করা সত্ত্বেও সিটি করপোরেশনের মর্যাদা থেকে বঞ্চিত ছিল। জুলাই অভ্যুত্থানে রাজনৈতিক পটপরিবর্তনের পর এই প্রক্রিয়াটি পুনরায় গতি পায় এবং বর্তমানে তা চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ১৮৭৬ সালে প্রতিষ্ঠিত ৭০ বর্গকিলোমিটার আয়তনের এই জনপদে প্রায় ১০ লাখ মানুষের বসবাস। নাগরিক দুর্ভোগ নিরসন এবং আধুনিক নগর গড়ার প্রত্যয়ে এই রূপান্তরকে বগুড়াবাসীর বড়ো বিজয় হিসেবে দেখা হচ্ছে। এদিকে, প্রধানমন্ত্রীর সফরকে ঘিরে নিরাপত্তা জোরদার করেছে স্থানীয় প্রশাসন ও পুলিশ বিভাগ। একইসঙ্গে জেলা বিএনপি বড়ো জনসভার প্রস্তুতি নিচ্ছে। শহরের গুরুত্বপূর্ণ সড়ক, সমাবেশস্থল ও আশেপাশের এলাকা সংস্কারের পাশাপাশি নেওয়া হয়েছে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা। রাষ্ট্রীয় দায়িত্ব গ্রহণের পর প্রথমবার নিজ জেলা বগুড়ায় আসছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তার এই সফর ঘিরে জেলায় বইছে উৎসবের আমেজ। দলীয় নেতা-কর্মীদের পাশাপাশি সাধারণ মানুষের প্রত্যাশাও এখন তুঙ্গে। বহুদিনের দাবি পূরণে এই সফরেই বগুড়া পৌরসভাকে সিটি করপোরেশনে উন্নীত করার ঘোষণা আসছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## পুলিশের ৬ কর্মকর্তাকে বদলি

বাংলাদেশ পুলিশের পাঁচজন অতিরিক্ত পুলিশ সুপার এবং একজন সহকারী পুলিশ সুপারসহ মোট ছয় কর্মকর্তাকে বদলি করা হয়েছে। রোববার (১৯ এপ্রিল) পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত ডিআইজি রায়হান উদ্দিন খান স্বাক্ষরিত পৃথক আদেশে জনস্বার্থে তাদের এই নতুন পদায়ন করা হয়। বদলির আদেশ পাওয়া কর্মকর্তারা হলেন- মুন্সিগঞ্জ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. বিল্লাল হোসেনকে একই জেলার অতিরিক্ত পুলিশ সুপার, যশোরের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশারকে মুন্সিগঞ্জ জেলার অতিরিক্ত পুলিশ সুপার এবং যশোর জেলার অতিরিক্ত পুলিশ সুপার মো. রুহুল আমিনকে পুলিশ সদর দপ্তরে বদলি করা হয়েছে। এছাড়া, মাগুরা সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার দীপংকর ঘোষকে নারায়ণগঞ্জ খ-সার্কেলে এবং নৌ পুলিশের সহকারী পুলিশ সুপার মো. ইমতিয়াজ আহম্মেদকে ফেনীর ছাগলনাইয়া সার্কেলের সহকারী পুলিশ সুপার হিসেবে বদলি করা হয়েছে। পৃথক আরেক আদেশে, নারায়ণগঞ্জ খ-সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে কর্মরত এবং বর্তমানে টাঙ্গাইলের গোপালপুর সদর সার্কেলে বদলির আদেশ পাওয়া মো. ইমরান আহম্মেদকে মুন্সিগঞ্জ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে বদলি করা হয়েছে।

একইসঙ্গে তার টাঙ্গাইলের গোপালপুর সার্কেলে বদলির আগের আদেশটি বাতিল করা হয়েছে। পুলিশ সদর দপ্তর থেকে জানানো হয়েছে, জনস্বার্থে জারি হওয়া এই বদলির আদেশ অবিলম্বে কার্যকর করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## বাস ভাড়া কিলোমিটারে ১৫ পয়সা বাড়ানোর প্রস্তাব যাত্রী কল্যাণ সমিতির

বাস ভাড়া প্রতি কিলোমিটারে ১৫ পয়সা বাড়ানোর প্রস্তাব করেছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি। রোববার (১৯ এপ্রিল) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ দাবি জানিয়েছে সংগঠনটি। বিজ্ঞপ্তিতে বলা হয়, জ্বালানি তেলের মূল্যবৃদ্ধিকে পুঁজি করে বাস মালিক সমিতির সরকার সমর্থিত প্রভাবশালী নেতারা অতীতের ফ্যাসিস্ট সরকারের পদাঙ্ক অনুসরণ করে ভাড়া বাড়ানোর পাঁয়তারা করছে। তারা সরকারের সঙ্গে মিলে একচেটিয়া ভাড়া বাড়ানোর পাঁয়তারা করছে। রাতের আঁধারে ভাড়া বৃদ্ধির গোপন বৈঠক এমন চক্রান্তের ইঙ্গিত দেয়। যাত্রী কল্যাণ সমিতির বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, আজ রাতে গুরুত্বপূর্ণ অংশীজন ও গণমাধ্যম এড়িয়ে বিআরটিএ সদর দপ্তরে গোপনে ভাড়া বৃদ্ধির বৈঠকের খবর এসেছে। এ খবর পেয়ে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির মহাসচিব মো. মোজাম্মেল হক চৌধুরী বলেন, নিকট অতীতে ৩ দফা জ্বালানি তেলের মূল্য ৩ টাকা হারে কমানোর পরিপ্রেক্ষিতে বাস ভাড়া কিলোমিটারে ৩ পয়সা হারে কমানো হয়েছে, ২ টাকা কমানোর পরিপ্রেক্ষিতে ২ পয়সা হারে ভাড়া কমানো হয়েছে। এবার প্রতিলিটার ডিজেলের মূল্য ১৫ টাকা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে, বাস ভাড়া প্রতি কিলোমিটারে ১৫ পয়সা হারে বৃদ্ধির জন্য দেশের যাত্রী সাধারণের পক্ষ থেকে প্রস্তাব তুলে ধরেন তিনি। মোজাম্মেল হক চৌধুরী আরও বলেন, আমলাতন্ত্রকে ম্যানেজ করে এর অতিরিক্ত ভাড়া বৃদ্ধি করা হলে সরকারের জনপ্রিয়তায় কমবে, জনরোষ তৈরি হবে। তাই বাস মালিক সমিতিকে একচেটিয়া সুবিধা দেওয়ার এমন কর্মকাণ্ড থেকে বিরত রাখতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## ২০৩০ সালের মধ্যে পোলট্রি খাত হবে রপ্তানিমুখী

আগামী ২০৩০ সালের মধ্যে পোলট্রি খাতকে রপ্তানিমুখী পর্যায়ে নিয়ে যেতে চায় সরকার। এ লক্ষ্যে সংশ্লিষ্টদের সততা ও নিষ্ঠার সঙ্গে জনস্বার্থে কাজ করার আহ্বান জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু। রোববার (১৯ এপ্রিল) রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালে প্রাণিসম্পদ খাত নিয়ে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সুলতান সালাউদ্দিন টুকু বলেন, দেশকে এগিয়ে নিতে সবাইকে একযোগে কাজ করতে হবে। পোলট্রি খাতে সরকারের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা অব্যাহত থাকবে এবং ২০৩০ সালের মধ্যে এ খাতকে রপ্তানিমুখী পর্যায়ে নিয়ে যাওয়া হবে। তিনি বলেন, ক্ষুদ্র খামারিদের টিকিয়ে রাখা জরুরি, কারণ তারা না থাকলে বড়ো খামারিরাও টিকে থাকতে পারবে না। বর্তমানে প্রতিটি ডিম উৎপাদনে প্রায় ৯ টাকা খরচ হলেও খামারিরা ৭ টাকায় বিক্রি করতে বাধ্য হচ্ছেন। অর্থাৎ প্রতিটি ডিমে ২ টাকা করে লোকসান হচ্ছে। এ পরিস্থিতিতে সরকারের পক্ষ থেকে সহায়তা দেওয়া হবে। প্রতিমন্ত্রী বলেন, সরকার ও কিছু প্রতিষ্ঠান ভ্যাকসিন আমদানি করে থাকে। এ ক্ষেত্রে আমদানিকারকদের সতর্কতার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। পাশাপাশি খামারি, ফিড, বাচ্চা উৎপাদন থেকে বাজারজাতকরণ পর্যন্ত সংশ্লিষ্ট সবার মধ্যে ‘উইন-উইন’ পরিস্থিতি নিশ্চিত করতে হবে, যাতে ভোক্তার ওপর অতিরিক্ত চাপ না পড়ে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## দেশে বিদ্যুৎ খাতে বকেয়া বিলের পরিমাণ ৫২ হাজার কোটি টাকারও বেশি

দেশের বিদ্যুৎ খাতের সামগ্রিক আর্থিক পরিস্থিতি নিয়ে চরম উদ্বেগ তৈরি হয়েছে। সরকারি ও বেসরকারি বিদ্যুৎকেন্দ্রগুলোর বকেয়া বিল এবং ব্যাংকের কাছে ঋণের পরিমাণ বিশাল আকার ধারণ করেছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু জানিয়েছেন, গত ৯ এপ্রিল পর্যন্ত বিদ্যুৎ খাতে বকেয়া বিলের পরিমাণ দাঁড়িয়েছে ৫২ হাজার ৩০০ কোটি টাকারও বেশি। এর বাইরেও ব্যাংক খাতে বিদ্যুৎকেন্দ্রগুলোর ঋণের বোঝা রয়েছে প্রায় দেড় লাখ কোটি টাকা। রোববার (১৯ এপ্রিল) জাতীয় সংসদ অধিবেশনে ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য এস, এম, জাহাঙ্গীর হোসেনের লিখিত প্রশ্নের জবাবে বিদ্যুৎ খাতের এ আর্থিক চিত্র তুলে ধরেন তিনি। বিদ্যুৎমন্ত্রী বলেন, দেশের সরকারি, বেসরকারি ও বিদ্যুৎ আমদানিসহ সব বিদ্যুৎকেন্দ্রের বিপরীতে গত ৯ এপ্রিল পর্যন্ত বকেয়া বিলের পরিমাণ ৫২ হাজার ৩০০ কোটি টাকার বেশি। “এই বিশাল বকেয়ার মধ্যে গ্যাস ও জ্বালানি তেলভিত্তিক আইপিপি বিদ্যুৎকেন্দ্রগুলোর ক্যাপাসিটি ও ফুয়েল পেমেন্ট বাবদ বকেয়া ১৭ হাজার ৩৫৭ দশমিক ৬৮ কোটি টাকা। এছাড়া, জয়েন্ট ভেঞ্চার ও আইপিপি কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের কয়লার মূল্য ও ক্যাপাসিটি পেমেন্ট বাবদ বকেয়া রয়েছে ১৫ হাজার ৪৫২ দশমিক ৯১ কোটি টাকা।” বিদ্যুৎমন্ত্রী আরও জানান, পেট্রোবাংলার কাছে সরকারি ও বেসরকারি কোম্পানির গ্যাস বিল বকেয়া বাবদ পাওনা ১১ হাজার ৬৩৪ দশমিক ০৬ কোটি টাকা। সরকারি কোম্পানির ক্যাপাসিটি ও ফুয়েল পেমেন্ট বাবদ বকেয়া ৫ হাজার ৬২৩ দশমিক ০৩ কোটি টাকা এবং ভারত থেকে বিদ্যুৎ আমদানির বকেয়া ৩ হাজার ৮৯১ দশমিক ৫৫ কোটি টাকা। এছাড়াও হুইলিং চার্জ বাবদ বকেয়া রয়েছে ১৯৮ দশমিক ৯৪ কোটি টাকা। তিনি জানান, বকেয়া বিলের পাশাপাশি বিদ্যুৎকেন্দ্রগুলোর আর্থিক সক্ষমতা নিয়ে বড়ো ধরনের শঙ্কা তৈরি করেছে

তাদের ব্যাংক ঋণ। বর্তমানে দেশের বিভিন্ন বিদ্যুৎকেন্দ্রের বিপরীতে ব্যাংকিং খাতে মোট ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ১ লাখ ৪৯ হাজার ৩১১ দশমিক ২৬ কোটি টাকা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

**তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নে সরকারের প্রচেষ্টা অব্যাহত**

তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের সরকারের প্রচেষ্টা অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন পানিসম্পদ মন্ত্রী মো. শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি। রোববার (১৯ এপ্রিল) জাতীয় সংসদে জরুরি জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ করা এক নোটিশের জবাবে মন্ত্রী এ কথা জানান। সংসদে আজকের অধিবেশনে সভাপতিত্ব করছেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। তিস্তা মহাপরিকল্পনা প্রসঙ্গে মন্ত্রী বলেন, তিস্তা দেশের গুরুত্বপূর্ণ নদী। প্রায় ৫০ লাখ মানুষের জীবন-জীবিকা এর ওপর নির্ভরশীল। তিস্তা নদী উত্তরাঞ্চলের মানুষের জন্য খুবই গুরুত্বপূর্ণ। তিস্তা নদীর উজানে বাঁধ দেওয়াসহ নানা সীমাবদ্ধতার কারণে শুষ্ক মৌসুমে পানিপ্রবাহ কমে যায়। অনেক স্থানে পানিপ্রবাহ শূন্যের কাছাকাছি নেমে এসেছে। এর ফলে তিস্তা সেচ প্রকল্পসহ কৃষিকাজ ব্যাহত হচ্ছে। অথচ বর্ষার মৌসুমে হঠাৎ করে বন্যা ও ভাঙনের সৃষ্টি হচ্ছে। এর প্রভাবে বসতভিটা ও ফসলের ক্ষতির পরিমাণও বাড়ছে। তিনি বলেন, তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এরই মধ্যে একটি সমীক্ষা প্রতিবেদন হাতে নিয়েছে। সমীক্ষা অনুযায়ী প্রকল্পটি যদি বাস্তবায়িত হয় তবে তিস্তা পাড়ের মানুষের জীবন-জীবিকার উন্নয়নের পাশাপাশি বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালী হবে। এর ফলে নদী ভাঙনও কমবে। পাশাপাশি শুষ্ক মৌসুমে পানি সংরক্ষণ বৃদ্ধি পাবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

**নির্বাচনের আগেই এফবিসিসিআইয়ে ব্যবসায়ী প্রশাসক চান ব্যবসায়ীরা**

দেশের শীর্ষ বাণিজ্য সংগঠন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) পরবর্তী নির্বাচনের আগেই একজন ব্যবসায়ীকে প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়ার দাবি জানানো হয়েছে। বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরের সঙ্গে বৈঠক করে এই দাবি জানিয়েছেন ব্যবসায়ীদের একটি প্রতিনিধি দল। রোববার (১৯ এপ্রিল) সকালে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়। এতে অংশ নেওয়া একাধিক ব্যবসায়ী প্রশাসক হিসেবে একজনের নামও প্রস্তাব করেছেন। বাণিজ্য মন্ত্রণালয় ও বৈঠকে অংশ নেওয়া ব্যবসায়ীদের সূত্রে এ তথ্য জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

**বরগুনায় অবৈধভাবে মজুত ৩৭ হাজার লিটার ভোজ্যতেল উদ্ধার**

বরগুনার পাথরঘাটায় অভিযান চালিয়ে অবৈধভাবে মজুত প্রায় ৩৭ হাজার লিটার ভোজ্যতেল উদ্ধার করেছে র‌্যাব। এসময় কৃত্রিম সংকট তৈরি করে মজুত রাখা ও বেশি দামে তেল বিক্রির দায়ে দুই ব্যবসায়ীকে ৬০ হাজার টাকা জরিমানা করা হয়। রোববার (১৯ এপ্রিল) বিকেল ৪টার দিকে পাথরঘাটা উপজেলার কাকচিরা বাজারে দুটি মুদি দোকানে এই অভিযান চালানো হয়। র‌্যাব-৮ পটুয়াখালী ক্যাম্প সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে বিকেলে কাকচিরা বাজারের 'দয়াল এন্টারপ্রাইজ' ও 'খাতিজা এন্টারপ্রাইজ' নামে দুটি প্রতিষ্ঠানে অভিযান চালানো হয়। এসময় গোডাউনে তল্লাশি চালিয়ে ১৮০টি ব্যারেলে থাকা মোট ৩৬ হাজার ৭২০ লিটার সয়াবিন তেলের মজুত পাওয়া যায়। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে দয়াল এন্টারপ্রাইজকে ৪০ হাজার এবং খাতিজা এন্টারপ্রাইজকে ২০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। র্যাব-৮ সিপিসি-১ পটুয়াখালী ক্যাম্পের কোম্পানি কমান্ডার রাশেদ সাংবাদিকদের বলেন, বাজারে কৃত্রিম সংকট তৈরি করে যারা সাধারণ মানুষকে জিম্মি করছে, তাদের বিরুদ্ধে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখতে এবং সরকারের নির্দেশনা বাস্তবায়নে আমাদের এ ধরনের অভিযান নিয়মিত অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

**যেখানে ভালো কাজ, সেখানেই তারেক রহমান : ডিএনসিসি প্রশাসক**

উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মো. শফিকুল ইসলাম খান বলেছেন, যেখানে ভালো কাজ, সেখানেই তারেক রহমান। প্রধানমন্ত্রী নির্বাচনের আগে যে-সব প্রতিশ্রুতি দিয়েছিলেন, তা বাস্তবায়ন শুরু হয়ে গেছে। আগামী দিনে ইতিহাস রচনা করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (১৯ এপ্রিল) রাতে রাজধানীর পশ্চিম ভাসানটেক এলাকায় এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে ঢাকা উত্তর সিটি করপোরেশনের আওতাধীন অঞ্চল-২ এর অধীন ১৫ নং ওয়ার্ডের ভাষানটেক বস্তিতে স্থাপিত সোলার বেজড এলইডি স্ট্রিট লাইটের উদ্বোধন হয়। শফিকুল ইসলাম খান বলেন, সরকারের বয়স মাত্র দুই মাস। আমরা যে-সব প্রতিশ্রুতি দিয়েছিলাম, তার অনেকগুলো বাস্তবায়ন হয়েছে। 'ফ্যামিলি কার্ড' হয়েছে, 'কৃষক কার্ড', ইমাম মুয়াজ্জেমদের ভাতার ব্যবস্থা করা হয়েছে। অঙ্গীকার কেবল প্রতিশ্রুতির মধ্যে সীমাবদ্ধ নেই। সরকারের আয়ের উৎস খুব সীমিত জানিয়ে তিনি বলেন, সিটি করপোরেশনে জনগণের হোল্ডিং ট্যাক্স, বিজ্ঞাপনের রাজস্ব দিয়ে পরিচালিত হয়। এই লাইটগুলো সবার। এটা রক্ষণাবেক্ষণ আপনারা করবেন। আগামীতে আপনাদের জন্য আরও উন্নয়ন অপেক্ষা করছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

**ইলিয়াস আলীসহ অন্য গুম ব্যক্তিদের ভাগ্যে কী ঘটেছে, সংসদে ব্যাখ্যা দাবি**

বিএনপি নেতা ইলিয়াস আলীসহ অন্য গুম ব্যক্তিদের ভাগ্যে কী ঘটেছে, সে বিষয়ে সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের কাছে সুস্পষ্ট ব্যাখ্যা দাবি করেছেন সুনামগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য কলিম উদ্দিন আহমদ। তিনি বলেন, আমাদের প্রিয় নেতা ইলিয়াস আলীসহ চার শতাধিক নেতা-কর্মী গুম হয়েছেন। আজ স্বৈরাচার সরকার নেই। বর্তমান সরকারের কাছে, স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে এ ব্যাপারে বিভিন্নভাবে, বিভিন্ন মাধ্যমে বক্তব্য এসেছে। আমরা আশা করি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে একটি বিবৃতি দেওয়া হবে। আমরা গুম হওয়া ব্যক্তিদের সর্বশেষ অবস্থান সম্পর্কে জানতে চাই, জাতি জানতে চায়। রোববার (১৯ এপ্রিল) জাতীয় সংসদের অধিবেশনে বক্তব্য দেওয়ার সময় তিনি এসব কথা বলেন। কলিম উদ্দিন আহমদ বলেন, ইলিয়াস আলী এবং অন্য যারা (গুম) আছেন, তাদের ভাগ্যে কী ঘটেছে? এখনো আমরা নীরব কেন? নীরব থাকার কারণে বিভিন্নভাবে বিভিন্ন সংবাদ পরিবেশন হচ্ছে, যা গ্রহণযোগ্য নয়। সুতরাং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কাছে, স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমরা এই সংসদে সুস্পষ্ট একটি বিবৃতি চাই।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## উন্নয়নমূলক কাজে ইউনিয়নভিত্তিক কমিটি গঠন করা হবে : ডেপুটি স্পিকার

উন্নয়নমূলক কাজে ইউনিয়নভিত্তিক কমিটি গঠন করা হবে বলে জানিয়েছেন জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। রোববার (১৯ এপ্রিল) ডেপুটি স্পিকারের সঙ্গে তার নিজ সংসদীয় এলাকার ১৫ সদস্যের ইমাম প্রতিনিধিদল সংসদ ভবন কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। ডেপুটি স্পিকার বলেন, আপনারা অবগত আছেন যে, আমার এলাকায় বিভিন্ন ধর্মের মানুষের বসবাস। পর্যায়ক্রমে সবাইকে সংসদ ভবন এবং সংসদ অধিবেশন অবলোকনের আমন্ত্রণ জানানো হবে। আজ আপনারা এসেছেন, ইতঃপূর্বে খ্রিষ্টান প্রতিনিধিদল এসেছিল। এভাবে আমার এলাকার সব শ্রেণি ও পেশার মানুষ যেন সংসদ সম্পর্কে তাদের ধারণা অর্জন করতে পারে, সে লক্ষ্যে সবাইকে আমন্ত্রণ জানানো হবে। তিনি বলেন, আমি আপনাদের ভোটের মাধ্যমে সংসদ সদস্য নির্বাচিত হয়েছি। আপনাদের কারণেই আজ মহান সংসদে ডেপুটি স্পিকার হিসেবে মনোনীত হয়েছি। আপনাদের প্রতি আমার অনেক দায়বদ্ধতা এবং জবাবদিহি রয়েছে। তিনি আরও বলেন, উন্নয়নমূলক কাজে ইউনিয়নভিত্তিক কমিটি গঠন করা হবে। সমাজ থেকে দুর্নীতি ও স্বজনপ্রীতি শূন্যের কোটায় নামাতে হবে। আপনাদের মাধ্যমে সমাজে দরবার মীমাংসা করতে হবে। আমি শতভাগ সততার সঙ্গে চলেছি এবং সততার সঙ্গেই কাজ করতে চাই।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রাম থেকে হজের প্রথম ফ্লাইটে সৌদি গেলেন ৩৭১ যাত্রী

চট্টগ্রাম থেকে চলতি বছরের হজ মৌসুমের প্রথম ফ্লাইটে ৩৭১ জন হজযাত্রী সৌদি আরবের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন। এছাড়া, একই ফ্লাইটে ঢাকা থেকে আরও ৪১ জন হজযাত্রী এবং দুইজন সাধারণ যাত্রী ছিলেন। রোববার (১৯ এপ্রিল) সন্ধ্যা ৬টা ২০ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের বিজি-১৩৫ ফ্লাইটটি হজযাত্রীদের নিয়ে চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে জেদ্দার উদ্দেশ্যে ছেড়ে যায়। বিশেষ এই হজ ফ্লাইটের উদ্বোধন করেন পার্বত্য চট্টগ্রামবিষয়ক প্রতিমন্ত্রী মীর হেলাল উদ্দিন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## জাতীয় সংসদের লাইব্রেরি কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত

ত্রয়োদশ জাতীয় সংসদের লাইব্রেরি কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। রোববার (১৯ এপ্রিল) সংসদ ভবনে কমিটির সভাপতি ব্যারিস্টার কায়সার কামাল এমপির সভাপতিত্বে এ বৈঠক অনুষ্ঠিত হয়। কমিটির সদস্য হুইপ এ বি এম আশরাফ উদ্দিন (নিজান), ডা. মো. মাহাবুবুর রহমান, মীর আহমাদ বিন কাসেম, এ বি এম মোশাররফ হোসেন, হুমাম কাদের চৌধুরী এবং আখতার হোসেন বৈঠকে অংশগ্রহণ নেন। বৈঠকের শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি পাঠ করেন। অতঃপর সভাপতির নির্দেশনায় জাতীয় সংসদের গ্রন্থাগার পরিচিতির ওপর একটি প্রেজেনটেশন উপস্থাপন করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## সব ইউরিয়া সার কারখানায় গ্যাস সরবরাহ করা সম্ভব হচ্ছে না

বর্তমানে বিশ্বে চলমান বিভিন্ন যুদ্ধের প্রেক্ষাপটে সৃষ্ট বৈশ্বিক সাপ্লাই চেইন সংকটের নেতিবাচক প্রভাব পড়েছে বাংলাদেশের শিল্পখাতে। বিশেষ করে, জ্বালানি সংকটের কারণে দেশের সবগুলো ইউরিয়া সার কারখানায় গ্যাস সরবরাহ করা সম্ভব হচ্ছে না। এতে দেশীয় সার উৎপাদনে বড়ো ধরনের ঘাটতি তৈরি হয়েছে। রোববার (১৯ এপ্রিল) জাতীয় সংসদে ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে চট্টগ্রাম-১৫ আসনের সংসদ সদস্য শাহজাহান চৌধুরীর লিখিত প্রশ্নের জবাবে শিল্পমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির এসব তথ্য জানান। শিল্পমন্ত্রী বলেন, গ্যাস স্বল্পতার কারণে দেশের অধিকাংশ সার কারখানা বন্ধ থাকলেও, বর্তমানে কেবল ঘোড়াশাল-পলাশ ফার্টিলাইজার পাবলিক লিমিটেড কোম্পানি উৎপাদনে রয়েছে। তবে, জ্বালানি মন্ত্রণালয়ের আশ্বাস অনুযায়ী, আগামী পহেলা মে থেকে শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিমিটেডে গ্যাস সরবরাহ শুরু হবে এবং কারখানাটি পুনরায় সচল করা সম্ভব হবে। তিনি বলেন, অভ্যন্তরীণ উৎপাদন ব্যাহত হওয়ায় সারের সরবরাহ স্বাভাবিক রাখতে আমদানির ওপর জোর দিচ্ছে শিল্প

মন্ত্রণালয়। জিটুজি চুক্তির আওতায় সৌদি আরব (সাবিক) হতে ২ লাখ মেট্রিক টন, সংযুক্ত আরব আমিরাত (ফার্টিগ্রোব) হতে ১ লাখ মেট্রিক টন এবং আন্তর্জাতিক কোটেশন পদ্ধতির মাধ্যমে আরও ৪ লাখ মেট্রিক টন ইউরিয়া সার আমদানির উদ্যোগ নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## রাতে চীন যাচ্ছেন মির্জা ফখরুল

চীনের আমন্ত্রণে দেশটিতে সফরে যাচ্ছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তার সঙ্গে সফরসঙ্গী হিসেবে থাকছেন সহকারী একান্ত সচিব ইউনুস আলী। রোববার (১৯ এপ্রিল) রাত ১০টা ১০ মিনিটে চায়না এয়ারের একটি ফ্লাইটে তাদের চীনের উদ্দেশ্যে রওয়ানা হওয়ার কথা রয়েছে। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানিয়েছেন। শায়রুল কবির খান বলেন, চীনের সরকারের আমন্ত্রণেই এ সফরে যাচ্ছেন বিএনপির মহাসচিব। এদিকে, ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাদের বিদায় জানিয়েছেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## বাংলাদেশ আজাদ পার্টির আত্মপ্রকাশ

দেশের রাজনৈতিক অঙ্গনে নতুন সংযোজন হিসেবে আত্মপ্রকাশ করেছে বাংলাদেশ আজাদ পার্টি (বিএপি)। 'জান দেবো, জুলাই দেবো না' স্লোগানকে সামনে রেখে দলটি ইনসাফ, নৈতিকতা ও গণতন্ত্রভিত্তিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার ঘোষণা দিয়েছে। দলটির ঘোষিত নীতি ও আদর্শে রাষ্ট্রীয় কাঠামো, অর্থনীতি, বিচারব্যবস্থা, শিক্ষা, পররাষ্ট্রনীতি এবং সামাজিক উন্নয়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরা হয়েছে। ন্যায় ও ইনসাফভিত্তিক রাষ্ট্র গঠন এবং ভারতীয় আধিপত্যবাদমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে ১৭ দফা কর্মসূচির ভিত্তিতে দলটির আত্মপ্রকাশ। রোববার (১৯ এপ্রিল) রাজধানীর জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে নতুন এ দলটির আত্মপ্রকাশ হয়। নতুন এ পার্টির সভাপতি হিসেবে রয়েছেন অবসরপ্রাপ্ত কর্নেল হাসিনুর রহমান এবং মুখপাত্র হিসেবে রয়েছেন কবির হোসেন, এমদাদ বাবু ও আল আমিন। নতুন এ দলটির একটি নীতিনির্ধারণী উপদেষ্টা কমিটি এবং নির্বাহী কমিটি গঠন করা হয়েছে, যা ধীরে ধীরে গণমাধ্যমে প্রকাশ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## গণভোটের মাধ্যমে যে সম্ভাবনা তৈরি হয়েছিল, সরকার তা নষ্ট করে দিচ্ছে

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক মো. নাহিদ ইসলাম বলেছেন, আমরা যে সংস্কারের কথা বলেছিলাম, ঐকমত্য কমিশন ও গণভোটের মাধ্যমে যে সম্ভাবনা তৈরি হয়েছিল, বর্তমান সরকার সেই সম্ভাবনাগুলো নষ্ট করে দিচ্ছে। এই নির্বাচনের মাধ্যমে শুধু একটি দলের জায়গায় আরেকটি দল এসেছে, কিন্তু কাঠামোগত কোনো পরিবর্তন হয়নি। রোববার (১৯ এপ্রিল) দুপুরে রাজধানীর বাংলামোটরে দলটির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠনের নেতা-কর্মীদের এনসিপিতে যোগদান উপলক্ষ্যে এ সংবাদ সম্মেলন আয়োজন করা হয়। নাহিদ ইসলাম বলেন, আমরা বারবার বলেছি, আমরা শুধু দল বা ব্যক্তির পরিবর্তন চাই না, আমরা চাই, ক্ষমতার কাঠামোর পরিবর্তন। আমরা এমন একটি বাংলাদেশ গড়তে চাই, যেখানে সার্বভৌমত্ব অটুট থাকবে, দেশ মাথা উঁচু করে দাঁড়াবে, আধিপত্যবাদের বিরুদ্ধে অবস্থান নেবে। তিনি বলেন, একইসঙ্গে আমরা চাই, একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ। যেখানে সব ধর্ম, মত, শ্রেণি ও পেশার মানুষ একসঙ্গে থাকবে এবং একটি বৈষম্যহীন অর্থনৈতিক ব্যবস্থা গড়ে উঠবে। এই পথে চলতে গিয়ে নানান মতভেদ, ভিন্ন প্ল্যাটফর্ম ও উদ্যোগ তৈরি হয়েছে। তবে আমরা সব সময়ই এসবকে ইতিবাচক হিসেবে দেখেছি। কারণ, যত বেশি তরুণ রাজনীতিতে যুক্ত হবে এবং সংগঠিত হবে, ততই তা দেশের জন্য মঙ্গলজনক।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## অতীতের পলিসি-দুর্নীতির ফলে দেশের স্বাস্থ্য ব্যবস্থা এখন মেরামতের অযোগ্য

বিগত সরকারের ভুল পরিকল্পনা ও দুর্নীতির কারণে দেশের স্বাস্থ্য ব্যবস্থা ভঙ্গুর উল্লেখ করে স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত বর্তমান পরিস্থিতিকে 'মেরামতের অযোগ্য' হিসেবে বর্ণনা করেছেন। তিনি বলেন, বিচ্ছিন্নভাবে ছোটো-খাটো সংস্কার বা হাতুড়ির টোকা দিয়ে এই ব্যবস্থাকে পুনর্গঠন করা সম্ভব নয়। তার মতে, বর্তমান ব্যবস্থাটি এমন পর্যায়ে পৌঁছেছে, যা সাধারণ মেরামতের গণ্ডি পেরিয়ে গেছে। সুস্বাস্থ্যের বাংলাদেশ গঠনে বর্তমান সরকার এটাকেই চ্যালেঞ্জ নিয়ে কাজ শুরু করেছে। রোববার (১৯ এপ্রিল) রাজধানীর ঢাকা ক্লাবে আয়োজিত এক জাতীয় সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। 'সুস্বাস্থ্যের বাংলাদেশ গঠনে স্বাস্থ্য ও পুষ্টি খাতে সরকারের অগ্রাধিকার ও চ্যালেঞ্জসমূহ' শীর্ষক এ সেমিনার আয়োজন করা হয়। সাম্প্রতিক হামের ঘটনা উল্লেখ করে স্বাস্থ্য প্রতিমন্ত্রী বলেন, যদি তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য উন্নয়ন, রোগ প্রতিরোধ এবং সঠিক সময়ে টিকাদান নিশ্চিত করা যেত, তবে শিশুদের আজ ভেন্টিলেশন বা কৃত্রিম শ্বাসপ্রশ্বাস ব্যবস্থার প্রয়োজন হতো না। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## ওবায়দুল কাদেরসহ ৭ আসামির বিরুদ্ধে তদন্ত কর্মকর্তার জবানবন্দি

জুলাই গণ-অভ্যুত্থানে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের মন্ত্রী ওবায়দুল কাদেরসহ সাত আসামির বিরুদ্ধে জবানবন্দি দিয়েছেন তদন্ত কর্মকর্তা আহমেদ নাসের উদ্দিন মোহাম্মদ। রোববার (১৯ এপ্রিল) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ প্রসিকিউশনের এই সাক্ষীর জবানবন্দি গ্রহণ করে। নাসের উদ্দিন এ ঘটনায় তদন্তকালীন কী কী জব্দ করেছেন, তা ট্রাইব্যুনালে তুলে ধরেন। কোন দিন, কোন সময়ে এসব জব্দ করা হয়েছে, তা লিপিবদ্ধ করা হয়। তবে জবানবন্দি শেষ না হওয়ায় মামলার পরবর্তী কার্যক্রম সোমবার (২০ এপ্রিল) পর্যন্ত মুলতবি করা হয়েছে। ট্রাইব্যুনালে রাষ্ট্রপক্ষে শুনানি করেন প্রসিকিউটর ফারুক আহাম্মদ। সঙ্গে ছিলেন প্রসিকিউটর আবদুস সোবহান তরফদার, সহিদুল ইসলাম সরদারসহ অন্যরা। এরই মধ্যে প্রত্যক্ষদর্শীসহ শহিদ পরিবারের সদস্য ও আহতরা সাক্ষ্য দিয়েছেন। সব মিলিয়ে ঘটনার সাক্ষী হিসেবে ২৫ জনের সাক্ষ্যগ্রহণ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## বেইলি রোডে ৪৬ মৃত্যু; পলাতক ১৩ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

রাজধানীর বেইলি রোডের গ্রিন কোজি কটেজ ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৬ জনের মৃত্যুর ঘটনায় দায়ের করা মামলায় পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) দাখিল করা চার্জশিট গ্রহণ করেছেন আদালত। একইসঙ্গে পলাতক ১৩ আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির নির্দেশ দেওয়া হয়েছে। রোববার (১৯ এপ্রিল) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জুয়েল রানা শুনানি শেষে এ আদেশ দেন। আদালত আগামী ১৯ মে গ্রেফতার সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন জমা দেওয়ার তারিখ নির্ধারণ করেছেন। ঢাকা মহানগর পুলিশের প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক জিন্নাত আলী জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, অভিযুক্ত ২২ জনের মধ্যে ৯ জন আদালতে হাজির ছিলেন। বাকি ১৩ জন অনুপস্থিত থাকায় তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

## জুলাইয়ে অস্ত্র হাতে হত্যা-নির্যাতন চালিয়েছেন শামীম ওসমান : প্রসিকিউশন

২০২৪ সালের জুলাই-আগস্টে সাবেক সংসদ সদস্য শামীম ওসমান নারায়ণগঞ্জে অস্ত্র হাতে হত্যা ও নির্যাতন চালিয়েছেন বলে অভিযোগ করেছেন প্রসিকিউশন। মানবতাবিরোধী অপরাধের অভিযোগে করা মামলার শুনানিতে প্রসিকিউশন এমন অভিযোগ করেন। শুনানিতে রাষ্ট্রপক্ষ থেকে শামীম ওসমানসহ ১২ আসামির বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ (ফর্মাল চার্জ) গঠনের আবেদন করা হয়েছে। রাষ্ট্রপক্ষের শুনানি শেষে আসামিপক্ষের শুনানির জন্য আগামী ২৩ এপ্রিল দিন ঠিক করেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। রোববার (১৯ এপ্রিল) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন বিচারিক প্যানেলে রাষ্ট্রপক্ষ থেকে এমন আর্জি জানানো হয়। ট্রাইব্যুনালে আজ রাষ্ট্রপক্ষে শুনানি করেন প্রসিকিউটর আবদুস সাত্তার পালোয়ান। সঙ্গে ছিলেন প্রসিকিউটর শহীদুল্লাহ সরদার ও প্রসিকিউটর মামুনুর রশিদ। আসামিদের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের আনা অভিযোগ তুলে ধরে তাদের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠনের আবেদন জানানো হয়। তবে অভিযোগ থেকে অব্যাহতির আবেদন শুনানির জন্য সময় আবেদন করে আসামিপক্ষ। পরে আসামিপক্ষে শুনানির জন্য ২৩ এপ্রিল দিন ঠিক করেন ট্রাইব্যুনাল। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী এবং প্রতিমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে সাক্ষাৎ করেছেন বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ এবং প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। আজ রোববার দুপুরে সচিবালয়ে প্রধানমন্ত্রী দপ্তরে তারা দেখা করেছেন। সাক্ষাৎকালে জ্বালানি তেলের সর্বশেষ পরিস্থিতি তারা প্রধানমন্ত্রীকে অবহিত করেছেন। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ কথা জানান। সাক্ষাতের পর অপেক্ষমাণ সাংবাদিকদের জ্বালানি মন্ত্রী বলেন, “আমরা একটা যুদ্ধকালীন অবস্থার মধ্যে আছি। সারা বিশ্ব তাদের জ্বালানি তেলের দাম সমন্বয় করেছে। এমন কী আমেরিকাও ৫ ডলার বাড়িয়ে দিয়েছে।” তিনি বলেন, “সেখানে এই যুদ্ধ শুরু হওয়ার পর থেকে ইমপোর্ট করে আমরা যে স্টক তৈরি করেছি, তার যে দাম পড়েছে, সেই দামের থেকে নিচে আমরা এখন প্রাইজ অ্যাডজাস্ট করছি। এটা করতে বাধ্য হয়েছি আমরা। কারণ এটা বৈদেশিক মুদ্রায় কিনতে হয়, সেটা সমন্বয় করে যাতে আমরা সহনীয় লেভেলে থাকতে পারি, সেই ব্যবস্থা করেছি।” এক প্রশ্নের জবাবে জ্বালানি মন্ত্রী বলেন, “ভর্তুকি এখনো আছে। আপনি যদি সঠিক হিসাব জানতে চান, সেটা মন্ত্রণালয়ে যেতে হবে।” তিনি বলেন, “যুদ্ধের মানেই বিরূপ প্রভাব পড়া। এই যুদ্ধে শুধু বাংলাদেশ নয়, সারা বিশ্বে প্রভাব পড়েছে। আমাদের ওপরেও সেই প্রভাব আছে।” (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ আসাদ)

## তেলের মূল্যবৃদ্ধির সঙ্গে আইএমএফ-এর শর্তের সম্পর্ক নেই : অর্থমন্ত্রী

অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, বাংলাদেশের অভ্যন্তরীণ বাজারে জ্বালানি তেলের মূল্য সমন্বয় করা হয়েছে মূলত বিশ্ববাজারের অস্থিরতার কারণে; আন্তর্জাতিক মুদ্রা তহবিল আইএমএফ-এর কোনো শর্ত

পূরণের জন্য নয়। তিনি বলেন, “আইএমএফ-এর শর্তের সাথে তেলের দাম বাড়ানোর কোনো সম্পর্ক নেই। আমি আইএমএফ-এর মিটিংয়ে যাওয়ার আগেই তেলের দাম বাড়ানো হয়েছে।” আজ সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে অর্থমন্ত্রী এসব কথা বলেন। বিশ্বব্যাংক ও আইএমএফ-সহ বিভিন্ন উন্নয়ন সহযোগীদের সঙ্গে চলমান আলোচনা এবং দেশের বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে সরকারের অবস্থান পরিষ্কার করেন তিনি। আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, “সারা দুনিয়ায় তেলের দাম বেড়েছে। আমেরিকাতে দাম দ্বিগুণ হয়েছে, শ্রীলঙ্কায় বেড়েছে ২৫ শতাংশ। জাতীয় তহবিলের ওপর তীব্র চাপ থাকা সত্ত্বেও আমরা দেশের জনগণের স্বার্থে শেষ মুহূর্ত পর্যন্ত দাম না বাড়িয়ে ধরে রেখেছিলাম। কিন্তু বাজেট ব্যবস্থাপনা ও অন্যান্য অর্থনৈতিক কর্মসূচি সচল রাখতে অত্যন্ত নগণ্য হারে এই মূল্য সমন্বয় করতে হয়েছে। আইএমএফ ও বিশ্বব্যাংকের সঙ্গে ঋণ ও সহযোগিতার বিষয়ে মন্ত্রী বলেন, এটি একটি চলমান প্রক্রিয়া। একটি নির্বাচিত সরকার হিসেবে জনগণের স্বার্থের পরিপন্থি কোনো শর্ত মানা হবে না উল্লেখ করে তিনি আরো বলেন, “বিগত সরকারের সময় আইএমএফ-এর এই কর্মসূচি নেওয়া হয়েছিল। সেখানে অনেক শর্ত আমাদের কাছে গ্রহণযোগ্য নাও হতে পারে। আমরা জনগণের কাছে প্রতিশ্রুতিবদ্ধ, তাই জনগণের ওপর বা ব্যবসায়ীদের ওপর চাপ সৃষ্টি করে এমন কোনো সিদ্ধান্ত আমরা নেব না।”
(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ আসাদ)

## হাম ও হামের উপসর্গে সারা দেশে আরও ৪ শিশুর মৃত্যু

গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে দেশে আরও চার শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে হামে আক্রান্ত হয়ে একজন শিশু মারা গেছে বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি তিনজন শিশু মারা গেছে হামের উপসর্গ নিয়ে। রোববার স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ বুলেটিনে এই আশঙ্কাজনক তথ্য জানানো হয়। অধিদপ্তরের পরিসংখ্যান অনুযায়ী, নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে মৃত্যু হওয়া শিশুর সংখ্যা এখন ৩৮ জনে দাঁড়িয়েছে। তবে উদ্বেগ বাড়াচ্ছে 'সন্দেহজনক' মৃত্যুর মিছিল; যা বর্তমানে ১৮১ জন। অর্থাৎ, রোগটি নিশ্চিত হওয়া এবং উপসর্গ থাকা মিলিয়ে মোট মৃত্যুর সংখ্যা এখন ২১৭ জনে ঠেকেছে। গত এক দিনে শুধু ঢাকাতেই একজন হাম আক্রান্ত হয়ে মারা গেছেন, আর ঢাকা, বরিশাল ও রাজশাহীতে একজন করে শিশু মারা গেছে রোগের উপসর্গ নিয়ে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ আসাদ)

## সংকট নেই, তবে পাম্পে ৩ কিলোমিটার লাইন কেন, সংসদে রুমিন ফারহানা

জাতীয় সংসদে জ্বালানি সংকট নিয়ে তীব্র ক্ষোভ ও অসন্তোষ প্রকাশ করেছেন ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের সংসদ সদস্য রুমিন ফারহানা। জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি এবং তীব্র সংকটময় পরিস্থিতি নিয়ে সরকারের অবস্থানের কঠোর সমালোচনা করে তিনি দাবি করেছেন, সরকার জনগণের সঙ্গে মিথ্যাচার করছে। রোববার ডেপুটি স্পিকার কায়সার কামাল-এর সভাপতিত্বে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে রুমিন ফারহানা জ্বালানি পরিস্থিতি নিয়ে নিজের ক্ষোভ প্রকাশ করেন। রুমিন ফারহানা বলেন, “সরকারের পক্ষ থেকে বারবার বলা হচ্ছে, জ্বালানির কোনো ঘাটতি নেই। অথচ বাস্তবে চিত্রটি সম্পূর্ণ ভিন্ন। রাস্তায় তেলের জন্য ৩ কিলোমিটার লম্বা লাইন দেখা যাচ্ছে। ড্রাইভাররা মাঝরাত পর্যন্ত অপেক্ষা করেও তেল পাচ্ছে না। সরকারের যদি কোনো সংকটই না থাকে, তবে এই লম্বা লাইন কেন? কেন তেলের দাম বাড়াতে হচ্ছে?” জ্বালানি সাশ্রয়ে সরকারের নেওয়া বিভিন্ন সিদ্ধান্তের কড়া সমালোচনা করে তিনি বলেন, “সরকার মার্কেট প্লেস রাত ৮টার পরিবর্তে ৭টায় বন্ধের যে সিদ্ধান্ত নিয়েছে, তা অদূরদর্শী। মানুষ কেনাকাটা সাধারণত সন্ধ্যার পরেই করে। এছাড়া অফিস-আদালতের কর্মঘণ্টা পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েও প্রশ্ন রয়েছে।” সরকারের মন্ত্রীরা গণমাধ্যমে সংকট নেই বলে যে দাবি করছেন, তার সত্যতা নিয়ে প্রশ্ন তুলে রুমিন ফারহানা বলেন, “আমি এই সংসদের মাধ্যমে জানতে চাই, বর্তমানে দেশে অকটেন ও ডিজেলের প্রকৃত মজুত কতদিনের আছে? পাম্পগুলোতে পর্যাপ্ত তেল কেন সরবরাহ করা হচ্ছে না? তেলের মজুতদারি কারা করছে এবং এর পেছনে কারা জড়িত, তা পরিষ্কার করতে হবে।” এরপরই সরকারদলীয় পক্ষ থেকে হট্টগোল শুরু হয়ে গেলে রুমিন ফারহানার মাইক বন্ধ করে দেওয়া হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ আসাদ)

## দেশে মজুত গ্যাস দিয়ে ১২ বছর চাহিদা পূরণ সম্ভব : জ্বালানিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ জানিয়েছেন, নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কার না হলে এবং বর্তমান দৈনিক সরবরাহ প্রায় ১ হাজার ৭০০ মিলিয়ন ঘনফুট বজায় থাকলে অবশিষ্ট গ্যাস মজুত দিয়ে প্রায় ১২ বছর দেশের চাহিদা পূরণ সম্ভব হবে। রোববার সংসদে বগুড়া-৪ আসনের সরকারি দলীয় সংসদ সদস্য মো. মোশাররফ হোসেনের টেবিলে উত্থাপিত তারকাচিহ্নিত প্রশ্নের জবাবে তিনি এ তথ্য তুলে ধরেন। জ্বালানিমন্ত্রী বলেন, বর্তমানে বাংলাদেশে উত্তোলনযোগ্য প্রাকৃতিক গ্যাসের মজুত রয়েছে আনুমানিক ২৯.৭৪ ট্রিলিয়ন ঘনফুট। মন্ত্রী জানান, মোট মজুতের মধ্যে ২০২৫ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত ২২.১১ টিসিএফ গ্যাস উত্তোলন করা হয়েছে এবং ২০২৬ সালের ১ জানুয়ারি পর্যন্ত অবশিষ্ট রয়েছে ৭.৬৩ টিসিএফ। তিনি আরো বলেন, দেশে নতুন গ্যাস সম্পদ অনুসন্ধানে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। পেট্রোবাংলার ড্রিলিং ও ওয়ার্কওভার কর্মসূচির আওতায় ধাপে ধাপে মোট ৫০টি ও

১০০টি কূপ খননের পরিকল্পনা নেওয়া হয়েছে। এর মধ্যে এখন পর্যন্ত ২৬টি কূপ খনন ও ওয়ার্কওভার কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং বাকি কূপগুলোর কাজ বিভিন্ন পর্যায়ে এগিয়ে চলছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ আসাদ)

**৬ সংস্থা বিলুপ্ত করে গঠিত হচ্ছে 'বিনিয়োগ উন্নয়ন সংস্থা'**

দেশের বিনিয়োগ পরিবেশকে আরো গতিশীল ও সমন্বিত করতে বড়ো ধরনের প্রশাসনিক সংস্কারের উদ্যোগ নিয়েছে সরকার। এরই অংশ হিসেবে বিডা, বেপজা, বেজাসহ গুরুত্বপূর্ণ ছয়টি সরকারি সংস্থাকে বিলুপ্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এসব সংস্থাকে একীভূত করে 'বিনিয়োগ উন্নয়ন সংস্থা' নামের একটি নতুন দপ্তর গঠন করা হবে। বিলুপ্ত হতে যাওয়া সংস্থাগুলো হলো বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, সরকারি-বেসরকারি অংশীদারি কর্তৃপক্ষ এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৪.২০২৬ আসাদ)

# BBC

**FRENCH PEACEKEEPER KILLED IN SOUTHERN LEBANON**

A French peacekeeper has been killed and three others wounded after a UN patrol came under fire in southern Lebanon, in what officials described as a deliberate attack. The soldier was serving with the United Nations Interim Force in Lebanon (Unifil), which confirmed that one peacekeeper had died and three others were injured, two of them seriously, when their patrol came under small-arms fire. French President Emmanuel Macron blamed the attack on Hezbollah. The Iran-backed armed group denied "any connection" to the incident. It comes amid heightened tensions in southern Lebanon, where peacekeepers have faced growing risks since renewed fighting between Hezbollah and Israel erupted on 2 March. On Sunday, Unifil confirmed the French peacekeeper's body would be repatriated to Paris.
(BBC Web page : 19.04.2026 Ali Ahmed)

**THE SOUTH KOREAN AUTHORS RISING ABOVE A TIDE OF HATE TO BECOME BESTSELLERS**

When Seen Aromi's memoir documenting the joys of singlehood hit the shelves in early 2024, it became an instant bestseller. Women young and old, single or married, those with children and without seemed to relish So What if I Love My Single Life!, drawing "second-hand satisfaction" from Seen's confident retorts to unsolicited advice, or finding in it the freedom to be "unapologetically single". But soon her success encountered a deluge of criticism and hate online, largely from men. They told her she would die lonely, called her selfish, and accused her of "betraying her country". Embracing female independence and challenging patriarchy has become increasingly dicey in South Korea, where young men have driven a huge backlash against feminism. Discrimination, harassment and sexual violence against women remain huge challenges, but feminism has become such a polarised term here it is often levelled as a grave charge, inviting witch-hunts online and censure offline.(BBC Web page : 19.04.2026 Ali Ahmed)

**ZELENSKY CONDEMNS US EXTENSION OF RUSSIAN SANCTIONS WAIVER**

Ukraine's President Volodymyr Zelensky has condemned a US decision to extend the period during which Russia is allowed to sell oil despite Western sanctions. The move means countries can purchase Russian oil and petroleum products already loaded on vessels at sea until 16 May. The US argues that the waiver is meant to ease the energy supply crunch sparked by the US-Israel war with Iran. But in his remarks on Sunday, Zelensky said "every dollar paid for Russian oil is money for the war" in Ukraine. Widespread sanctions have been in place against Russia since President Vladimir Putin launched his full-scale invasion of its neighbour in February 2022. The devastating US and Israel attacks against Iran have prompted it to retaliate not only against Israel and US military bases in the Gulf, but also against energy fatalities and other civilian sites across Arab allies of the US in the region.
(BBC Web page : 19.04.2026 Ali Ahmed)

**POPE SAYS 'TYRANTS' SPEECH WAS NOT AIMED AT TRUMP**

Pope Leo says he was not seeking to debate Donald Trump when he criticised "tyrants" for spending billions on wars in a speech earlier this week. The pontiff said the remarks, delivered days after a high-profile spat with the US president, had been written a fortnight earlier – "well before the president ever commented on myself". "And yet as it happens, it

was looked at as if I was trying to debate, again, the president, which is not in my interest at all," he told reporters aboard a flight to Angola on Saturday. On Monday, Trump launched a scathing attack on the first American Pope – who has been a vocal critic of the US-Israeli military operation in Iran – as "terrible for foreign policy". The Pope, who is on a tour of Africa, said a "certain narrative that has not been accurate" had developed, citing "the political situation created" by Trump's comments.(BBC Web page : 19.04.2026 Ali Ahmed)

**STARMER WOULD HAVE BLOCKED MANDELSON OVER VETTING FAILURE, MINISTERS SAY**

Sir Keir Starmer would have blocked the appointment of Lord Mandelson as US ambassador had he known he failed security vetting, ministers have said. The prime minister has come under pressure after it emerged this week that Mandelson was appointed despite security concerns, with Downing Street saying red flags in the vetting process were not disclosed to them by the Foreign Office. Technology Secretary Liz Kendall told the BBC's Sunday with Laura that the prime minister "was told [Mandelson had] been granted developed vetting status... and if he had known that UK Security Vetting hadn't cleared him, he would not have made that appointment". Starmer is set to face MPs on Monday to face questions about the appointment. Opposition parties have called on the prime minister to resign, accusing him of misleading Parliament over his previous statements that due process had been followed in relation to the appointment. (BBC Web page : 19.04.2026 Ali Ahmed)

**AUSTRALIA'S MOST-DECORATED SOLDIER VOWS TO FIGHT WAR CRIME CHARGES**

Australia's most decorated living soldier, Ben Roberts-Smith, has publicly denied all allegations against him in his first statement after being charged with five counts of the war crime of murder last week. The Victoria Cross recipient, released on bail on Friday, said he was "proud of my service in Afghanistan", and would use the charges against him as an opportunity to "finally" clear his name. He said: "I understand this journey will be difficult. But I can promise everybody that I have never run from a fight in my life." Roberts-Smith, 47, is accused of being involved in the deaths of unarmed Afghan detainees, either by killing them or ordering a subordinate to, between 2009 and 2012. A former corporal in Australia's Special Air Service (SAS) Regiment, Roberts-Smith told the media that "while I would have preferred these charges not to be brought, I will be taking this opportunity to finally clear my name".(BBC Web page : 19.04.2026 Ali Ahmed)

**STRAIT OF HORMUZ CLOSED AGAIN, IRAN SAYS, AS SHIPS ATTACKED**

Iran says it is closing the Strait of Hormuz again to commercial vessels and that any ship that approaches it will be targeted. The closure came as reports emerged of vessels in or near the strait, including a tanker, were targeted by Tehran on Saturday. The Islamic Revolution Guard Corps (IRGC) blamed a continuing US blockade for its decision, which comes a day after Iran's foreign minister announced the key global shipping channel had been temporarily reopened. US President Donald Trump said Iran cannot "blackmail" the US with threats regarding the waterway, which Tehran has effectively blocked for nearly two months - causing global energy prices to soar. The Islamic Revolutionary Guard Corps (IRGC) Navy warned in a statement on Saturday that "no vessel is to move from its anchorage in the Persian Gulf or the Sea of Oman". It said a number of vessels had passed through the strait under its management since Friday night, but that it would shut again until the US stopped its blockade of Iranian ports." (BBC Web page : 19.04.2026 Ali Ahmed)

## :: THE END ::